আল কুরআন

অনন্ত করুণাময় পরম দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

যা তোমার পালকর্তা বলেন তাই হচ্ছে যথার্থ সত্য। কাজেই তোমরা সংশয়বাদী হয়ো না।

সূরা আল ইমরান ৬০

দৈনিক কীর্তনখোলা

আত্মপ্রত্যয়ী প্রতিদিন

বরিশাল ॥ সোমবার ॥ ০৩ আগস্ট ২০২৬ ॥ ১৯ সফর ১৪৪৮ ॥ ১৯ শ্রাবণ ১৪৩৩ ॥ ৯ম বর্ষ ॥ ৬২ সংখ্যা ॥ ৪ পৃষ্ঠা ॥ ৫ টাকা

সরকারে আসছেন বলে কাউকে গরম দেখাবেন না: ফখরুল

কীর্তনখোলা ডেস্ক

বিএনপির মহাসচিব এবং স্থানীয় সরকার,পল্লী উন্নয়ন ও সমবায়মন্ত্রী মির্জা ফখরুল ইসলাম আলমগীর নেতাকর্মীদের ২ এর পাতায় দেখুন

পুলিশ কোনো বিশেষ দলের বা গোষ্ঠীর লাঠিয়াল বাহিনী নয়: স্বরাষ্ট্রমন্ত্রী

কীর্তনখোলা ডেস্ক

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, বর্তমান সরকারের প্রধান অগ্রাধিকার হচ্ছে, আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ন্ত্রণের মাধ্যমে ২ এর পাতায় দেখুন



দলীয়করণের নগ্নরাজনীতি থেকে ফিরে আসুন সরকারকে জামায়াত আমির

কীর্তনখোলা ডেস্ক

দলীয়করণের যে রাজনীতির দিকে নগ্নভাবে আপনারা পা দিয়েছেন, সেখান থেকে ফিরে আসুন সরকারের উদ্দেশে এমনটি ২ এর পাতায় দেখুন

জনবিচ্ছিন্ন বিএনপি জবাবদিহিতার আওতায় নেই: নাহিদ

কীর্তনখোলা ডেস্ক

জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন ২ এর পাতায় দেখুন

পটুয়াখালী-কুয়াকাটা মহাসড়ক

১০ দিনেই নষ্ট সড়কের ১৩ কোটি টাকার সংস্কারকাজ

আমতলী প্রতিনিধি

সংস্কারের পর স্বস্তির বদলে ভোগান্তিই যেন ফিরে এসেছে পটুয়াখালী-কুয়াকাটা মহাসড়কে। ১৩ কোটি টাকা ব্যয়ে সংস্কার করা সড়কের পিচ উঠে গিয়ে মাত্র ১০ দিনের মধ্যেই তৈরি হয়েছে অসংখ্য খানাখন্দ। এখন সেই সড়কেই বৃষ্টির মধ্যে চলছে ফের সংস্কারকাজ। স্থানীয়দের প্রশ্ন, বারবার সংস্কারের পরও কেন টেকসই হচ্ছে না গুরুত্বপূর্ণ এই মহাসড়ক। তাঁদের অভিযোগ, দায়সারাভাবে কাজ করে সরকারি অর্থ অপচয় করা হচ্ছে। তাঁরা দ্রুত তদন্ত করে সড়ক ও জনপথ (সওজ) বিভাগের সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানিয়েছেন। আলিফ পরিবহনের চালক মো. বেল্লাল হোসেন অভিযোগ করেন, পটুয়াখালী-কুয়াকাটা ৭১ কিলোমিটার মহাসড়কের পটুয়াখালী বাসস্ট্যান্ড থেকে মহিষকাটা পর্যন্ত প্রায় ১৯ কিলোমিটার অংশের সংস্কারের কাজ গত জুন মাসে শেষ হয়। কিন্তু কাজ শেষ হওয়ার মাত্র ১৫ দিনের মধ্যেই সড়কের বিভিন্ন স্থানে পিচ উঠে গিয়ে অসংখ্য খানাখন্দ তৈরি হয়। তিনি বলেন, পরে সড়ক ও জনপথ বিভাগ ওই অংশের সংস্কার করলেও মাত্র ১০ দিনের মধ্যে আবারও সড়কের বিভিন্ন স্থানে গর্ত তৈরি হয়েছে। এখন বৃষ্টির মধ্যেই তড়িঘড়ি করে পুনরায় সংস্কার করা হচ্ছে। তার দাবি, বিষয়টি তদন্ত করে নিম্নমানের কাজের সঙ্গে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া উচিত। জানা গেছে, বরিশাল-কুয়াকাটা মহাসড়কটি সড়ক ও জনপথ বিভাগের বরিশাল, পটুয়াখালী ও বরগুনা অঞ্চলের আওতাধীন। ৭১ কিলোমিটার দীর্ঘ এই মহাসড়কটি ২০০০ সালে নির্মাণ করা হয়। তবে নির্মাণের কয়েক বছর পর থেকেই বিভিন্ন স্থানে ভাঙন ও খানাখন্দ তৈরি হতে থাকে। ২০১৮ সালেও সড়কটির কিছু অংশ সংস্কার করা হলেও তা দীর্ঘস্থায়ী হয়নি। পটুয়াখালী সেতুর টোল আদায় কর্তৃপক্ষের তথ্য অনুযায়ী, এ মহাসড়ক দিয়ে প্রতিদিন প্রায় ৯১২টি বিভিন্ন ২ এর পাতায় দেখুন

দুবাইয়ের কারাগার থেকে মুক্তি পেলেন বেনজীর

কীর্তনখোলা ডেস্ক

সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাইয়ে জামিনে মুক্তি পেয়েছেন বাংলাদেশের সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ। সোমবার (২৭ জুলাই) দুবাইয়ের একটি আদালত তার জামিন আবেদন মঞ্জুর করেন। পরে বৃহস্পতিবার (৩০ জুলাই) আইনি প্রক্রিয়া শেষে কারামুক্ত হন তিনি। রোববার (২ আগস্ট) বেনজীর আহমেদের ঘনিষ্ঠ সূত্র বিষয়টি নিশ্চিত করে। জানা গেছে, তিনি সংযুক্ত আরব আমিরাত ত্যাগ করতে পারবেন না। ফলে জামিনে মুক্তি পেলেও তার দেশত্যাগে বিধিনিষেধ বহাল রয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, বাংলাদেশ সরকারের পক্ষ থেকে পাঠানো প্রত্যর্পণ-সংক্রান্ত নথিপত্র এবং আইনি প্রক্রিয়া নিয়ে আদালতে উভয়পক্ষের শুনানি অনুষ্ঠিত হয়। পরে তাকে শর্তসাপেক্ষে জামিন দেওয়ার সিদ্ধান্ত নেন বিচারক। তবে, এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে দুবাই কর্তৃপক্ষের ২ এর পাতায় দেখুন

বেনজীরের জামিন বাতিলে দুবাইয়ে ‘ল’ ফার্ম নিয়োগ করেছে সরকার

কীর্তনখোলা ডেস্ক

সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের শর্তসাপেক্ষ জামিন বাতিল করে তাকে দেশে ফিরিয়ে আনতে দুবাইয়ে একটি ‘ল’ ফার্ম (আইনি প্রতিষ্ঠান) নিয়োগ দিয়েছে বাংলাদেশ সরকার। আইনি প্রক্রিয়ার মাধ্যমে তাকে দ্রুত দেশে ফিরিয়ে আনা সম্ভব হবে। রোববার (২ আগস্ট) বিকেলে রাজশাহী পুলিশ লাইনসে সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সাবেক পুলিশ প্রধান বেনজীর আহমেদ দুবাইয়ের একটি আদালত থেকে শর্তসাপেক্ষে জামিন পেয়েছেন বলে আমরা শুনেছি। বিষয়টি নিয়ে এরই মধ্যে দুবাইয়ে নিযুক্ত বাংলাদেশের রাষ্ট্রদূতের সঙ্গে কথা হয়েছে। বর্তমানে তার জামিন আদেশের সত্যায়িত অনুলিপি (সার্টিফাইড কপি) সংগ্রহের চেষ্টা করছি। পলাতক এই সাবেক পুলিশ কর্মকর্তাকে দেশে ২ এর পাতায় দেখুন

বরিশালের সিভিল সার্জনকে স্বাস্থ্য অধিদপ্তরে সংযুক্ত

শিক্ষার্থীদের আন্দোলন প্রত্যাহার

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালের সিভিল সার্জন হিসেবে যোগদানের মাত্র নয় দিনের মাথায় মো. মনিরুজ্জামানকে স্বাস্থ্য অধিদপ্তরে সংযুক্ত (প্রত্যাহার) করা হয়েছে। রোববার সকালে এ-সংক্রান্ত প্রজ্ঞাপন বরিশাল সিভিল সার্জন কার্যালয়ে পৌঁছায়। এর পর তাঁর অপসারণের দাবিতে চলমান আন্দোলন প্রত্যাহার করে কার্যালয়ের প্রধান ফটকের তালা খুলে দেন আন্দোলনরত শিক্ষার্থীরা। এর আগে আওয়ামী লীগের ‘দোসর’ আখ্যা দিয়ে মো. মনিরুজ্জামানের অপসারণের দাবিতে শিক্ষার্থীদের একটি অংশ গত ২৬ জুলাই থেকে আন্দোলন চালিয়ে আসছিল। রোববার সকালে তারা সিভিল সার্জন কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীদের বাইরে বের করে দিয়ে প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেয়। পরে বদলির ২ এর পাতায় দেখুন



বরিশাল জেলা রেড ক্রিসেন্টের নতুন চেয়ারম্যান আকন কুদ্দুসুর রহমান

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল জেলা রেড ক্রিসেন্টের চেয়ারম্যানের (উপমন্ত্রীর পদমর্যাদা) দায়িত্ব পেয়েছেন বরিশাল জেলা পরিষদের প্রশাসক আকন কুদ্দুসুর রহমান। রোববার স্থানীয় সরকার বিভাগের জেলা পরিষদ শাখা থেকে জারি করা এক প্রজ্ঞাপনে এ তথ্য জানানো হয়। বাংলাদেশ রেড ক্রিসেন্ট সোসাইটির মহাসচিব ড. আশরাফ আলম বিষয়টি নিশ্চিত করেছেন। আকন কুদ্দুসুর রহমান বর্তমানে বিএনপির জাতীয় নির্বাহী কমিটির ভারপ্রাপ্ত সাংগঠনিক সম্পাদকের দায়িত্ব পালন করছেন। আকন কুদ্দুসুর রহমান বরিশালের গৌরনদী উপজেলার মেদাকুল বিএমএস ইনস্টিটিউশন থেকে ১৯৮৩ সালে এসএসসি পাস করেন। ১৯৮৫ সালে ঢাকা কলেজ থেকে এইচএসসি পাস করার পর ১৯৮৯ সালে ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক (সম্মান) এবং ১৯৯০ সালে স্নাতকোত্তর সম্পন্ন করেন। পরে তিনি এলএলবি ডিগ্রি অর্জন করেন। ছাত্রজীবন থেকেই তিনি ছাত্রদলের ২ এর পাতায় দেখুন

বাড়লো এলপিজির দাম ১২ কেজির সিলিন্ডার এখন ১৫৯৮ টাকা

কীর্তনখোলা ডেস্ক

আগস্ট মাসের জন্য তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম নির্ধারণ করেছে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। ১২ কেজির এলপিজি সিলিন্ডারের নতুন খুচরা মূল্য ১ হাজার ৫৯৮ টাকা নির্ধারণ করা হয়েছে। গত মাসে এর দাম ছিল ১ হাজার ৫২৮ টাকা। রোববার (২ আগস্ট) নতুন এই দাম ঘোষণা করে সংস্থাটি বিইআরসি। একইসঙ্গে যানবাহনে ব্যবহৃত অটোগ্যাসের দামও বাড়ানো হয়েছে। নতুন দাম নির্ধারণ করা হয়েছে প্রতি লিটার ৭৩ টাকা ৬৭ পয়সা। আগের মাসে এর দাম ছিল ৭০ টাকা ৪০ পয়সা। সংস্থাটি জানিয়েছে, নতুন দাম রোববার সন্ধ্যা ৬টা থেকে কার্যকর হবে। পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত নতুন এই দাম বহাল থাকবে। আন্তর্জাতিক বাজারে এলপিজির মূল্য এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়ের ওপর ২ এর পাতায় দেখুন

নেছারাবাদে গলায় ফাঁস দেওয়া বৃদ্ধের মরদেহ উদ্ধার

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদে গলায় ফাঁস দেওয়া এক বৃদ্ধের মরদেহ উদ্ধার করা হয়েছে। পুলিশ উপজেলার ৮ নং সমুদয়কাঠি ইউনিয়নের সাগরকান্দা এলাকা থেকে মরদেহটি উদ্ধার করে ময়নাতদন্তের জন্য রবিবার (২ আগষ্ট) দুপুরে পিরোজপুর জেলা সদর হাসপাতালের মর্গে পাঠায়। নিহত আব্দুল জব্বার তালুকদার (৮০) উপজেলার ৮নং সমুদয়কাঠী ইউনিয়নের সাগরকান্দা গ্রামের বাসিন্দা মৃত আব্দুর রহমানের ছেলে। নেছারাবাদ থানার উপ-পরিদর্শক (এসআই) মো. সেলিম বলেন, ‘আমরা সকাল আনুমানিক সাড়ে ১০ টায় খবর পেয়ে ঘটনাস্থলে গিয়ে মরদেহটি উদ্ধার করি। পরে আইনি প্রক্রিয়া শেষে তা ময়নাতদন্তের জন্য পিরোজপুর জেলা ২ এর পাতায় দেখুন

বরিশালের ৬ রুটে বাস ধর্মঘট ভোগান্তিতে যাত্রীরা

কীর্তনখোলা রিপোর্ট

বরিশাল সদর উপজেলার চরকাউয়া বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের নির্বাচন দাবিতে বাস ধর্মঘট করছে শ্রমিকরা। এ কারণে চরকাউয়া থেকে অভ্যন্তরীণ ছয়টি রুটে বাস চলাচল বন্ধ রয়েছে। ফলে ভোগান্তিতে পড়েছেন যাত্রীরা। রোববার (২ আগস্ট) সকাল থেকে চরকাউয়া টার্মিনাল থেকে বাস চলাচল বন্ধ করে দিয়ে বিক্ষোভ করে চরকাউয়া বাস মিনিবাস শ্রমিক ইউনিয়নের শ্রমিকরা। চরকাউয়া ইউনিয়নের এই বাস টার্মিনাল থেকে ডিসি রোড, লক্ষ্মীপাশা, লাহার হাট, কাটাদিয়া, হলতা ও সিদ্দিক বাজারসহ ছয়টি রুটে প্রায় ৭০টি বাস চলাচল করে। এখান থেকে প্রতিদিন ২ এর পাতায় দেখুন



নিয়ন্ত্রণ হারিয়ে বরিশালগামী বাস খাদে, আহত ২০

কীর্তনখোলা রিপোর্ট

ঢাকা-বরিশাল মহাসড়কের ফরিদপুরের ভাঙ্গা উপজেলার চুমুরদী এলাকায় মহাসড়কে বৃষ্টি মধ্যে নিয়ন্ত্রণ হারিয়ে দশমিনা এক্সপ্রেস পরিবহনের একটি যাত্রীবাহী বাস রাস্তার পাশের পানিভর্তি খাদে পড়ে যায়। এ ঘটনায় অন্তত ২০ জন যাত্রী আহত হয়েছেন। তবে কোনো প্রাণহানির খবর পাওয়া যায়নি। রোববার (২ আগস্ট) বিকেলে ঢাকা থেকে বরিশালের উদ্দেশ্যে ছেড়ে আসা ২ এর পাতায় দেখুন

সরকারি টাকা আত্মসাতের অভিযোগে এলাকাবাসীর পোস্টারিং

এস এম নয়ন, গৌরনদী

ভুয়া তথ্য দিয়ে সরকারিভাবে বরাদ্দকৃত এতিমখানার টাকা ও মাদ্রাসা উন্নয়নের নামে বিদেশ থেকে আসা অনুদানের অর্থ আত্মসাতসহ বিভিন্ন অভিযোগ এনে আমিনুল ইসলাম নামের এক মোহতামিমের বিরুদ্ধে পোস্টারিং করেছেন এলাকার ধর্মপ্রান মুসুল্লীগণ। ওই পোস্টারে পুরো ঘটনার সঠিক তদন্ত ২ এর পাতায় দেখুন

বরিশালে যুবলীগ ও ছাত্রলীগের মশাল মিছিল পুলিশের দাবি ভিডিওটি পুরোনো

কীর্তনখোলা রিপোর্ট

বরিশালে কার্যক্রম নিষিদ্ধ ঘোষিত যুবলীগ ও ছাত্রলীগের নেতাকর্মীদের মশাল মিছিলের অভিযোগ উঠেছে। তবে সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়া ভিডিওটি পুরোনো বলে দাবি করেছে পুলিশ। শনিবার (১ আগস্ট) সন্ধ্যা ৭টার দিকে বরিশাল সিটি করপোরেশনের সাবেক কাউন্সিলর ও জেলা ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক রাজিব হোসেন খানের অনুসারীরা নগরীর ২২ নম্বর ওয়ার্ডের জিয়া সড়ক এলাকায় বিক্ষোভ ও মশাল মিছিল করেন বলে অভিযোগ করা হয়েছে। এ ঘটনায় এক মিনিট ছয় সেকেন্ডের একটি ভিডিও ফুটেজ প্রতিবেদকের হাতে এসেছে। ভিডিওতে দেখা যায়, মুখে মাস্ক পরা কয়েকজন ব্যক্তি হাতে জ্বালানো মশাল নিয়ে বিক্ষোভ করছেন। মিছিলের সামনে থাকা ব্যানারে বরিশাল সিটি করপোরেশনের সাবেক মেয়র সেরনিয়াবাত সাদিক আবদুল্লাহর ছবি রয়েছে। স্থানীয় সূত্র জানায়, শনিবার মাগরিবের নামাজের ২ এর পাতায় দেখুন

‘জুলাই ছিলো আগুনমাখা, জুলাই ছিলো রক্ত’

মৌমিতা বিনতে মিজান

২০২৪ সালের ৩ আগস্ট বৈষম্যবিরোধী ছাত্র আন্দোলনের ব্যানারে কেন্দ্রীয় শহীদ মিনারে বিশাল সমাবেশে ঐতিহাসিক এক দফা দাবি (সরকার ও প্রধানমন্ত্রীর পদত্যাগ) এবং দেশব্যাপী সর্বাত্মক অসহযোগ আন্দোলনের ঘোষণা দেওয়া হয়। শহীদ মিনারে বিশাল সমাবেশ ও ঘোষণা এক দফার ডাক: ঢাকার কেন্দ্রীয় শহীদ মিনারে সমবেত ছাত্র-জনতার সামনে সরকারের পদত্যাগের এক দফা দাবি ঘোষণা করেন আন্দোলনের সমন্বয়ক নাহিদ ইসলাম। আলোচনা ২ এর পাতায় দেখুন

জুলাই কর্নার

সম্পাদকীয়

চাই আইনের সঠিক প্রয়োগ

সময়ের সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে সাইবারজগতে অপরাধ। দিন দিন নতুন প্রযুক্তি যেমন আসছে, তেমনি বদলে যাচ্ছে অপরাধের ধরনও। এই পরিস্থিতিতে পাস হওয়ার মাত্র তিন মাসের মাথায় আবারও 'সাইবার সুরক্ষা আইন' সংশোধনের উদ্যোগ নিয়েছে সরকার। উদ্দেশ্য একটিই সাইবার পরিসরে অপরাধ নিয়ন্ত্রণে আনা। প্রস্তাবিত সংশোধনীতে সর্বোচ্চ ১০ বছরের কারাদণ্ডসহ ৪০ লাখ টাকা পর্যন্ত অর্থদণ্ডের মতো কঠোর বিধান রাখা হয়েছে। সাম্প্রতিক সময়ে অনলাইন দুনিয়ায় কী না হচ্ছে! ব্যক্তিগত আক্রোশ, ব্ল্যাকমেইলিং অথবা রাজনৈতিক প্রতিহিংসা চরিতার্থ করার জন্য প্রযুক্তিকে হাতিয়ার হিসেবে ব্যবহার করছে এক শ্রেণির অপরাধী। কৃত্রিম বুদ্ধিমত্তা ব্যবহার করে মুহূর্তেই একজনের বিকৃত ছবি ছড়িয়ে দেওয়া হচ্ছে। চরিত্র হনন করা হচ্ছে। গুজব তৈরি করে হামলা ও সহিংসতার ঘটনা ঘটছে। সিআইডির সাইবার পুলিশ সেন্টারের তথ্য বলছে, বর্তমানে প্রাপ্ত মোট অভিযোগের মধ্যে ৪৫.৫১ শতাংশই অনলাইন প্রতারণা। দ্বিতীয় অবস্থানে রয়েছে অনলাইন হয়রানি, যার হার ২৯.১৪ শতাংশ। এ ছাড়া সামাজিক যোগাযোগ মাধ্যমের অ্যাকাউন্ট হ্যাকিংয়ের অভিযোগ ৬.১৪ শতাংশ। বিশেষজ্ঞরা মনে করছেন, এমন অবস্থা থেকে পরিত্রাণ পেতে সাইবার সুরক্ষা আইনের সংশোধন প্রয়োজন। স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি (আইসিটি) বিভাগের সূত্রের বরাত দিয়ে জানিয়েছে, সংশোধনীতে 'গুজব', 'অপতথ্য', 'হেয় প্রতিপন্ন' ও 'মানহানি'ড়এই চারটি শব্দকে অপরাধের সংজ্ঞায় আনা হয়েছে। এ ছাড়া আইন বাস্তবায়ন প্রক্রিয়ায় নিরাপত্তা বাহিনীর পাশাপাশি তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয় এবং ক্ষমতাপ্রাপ্ত সংস্থাকে যুক্ত করার কথা বলা হয়েছে। গুজবের সংজ্ঞায় বলা হয়ড়এমন কোনো অসমর্থিত বা অযাচাইকৃত তথ্য, সংবাদ বা দাবি, যা জনমনে বিভ্রান্তি, আতঙ্ক, উত্তেজনা বা সামাজিক অস্থিরতা তৈরি করে অথবা অস্থিরতা তৈরি করার ঝুঁকি থাকে। অপতথ্য হলো এমন কোনো মিথ্যা, বিকৃত বা বিভ্রান্তিকর তথ্য, যা ব্যক্তি, জনসাধারণ, প্রতিষ্ঠান বা রাষ্ট্রকে বিভ্রান্ত, প্রতারিত বা ক্ষতিগ্রস্ত করার উদ্দেশ্যে ইচ্ছাকৃতভাবে প্রকাশ বা প্রচার করা হয়। এ ছাড়া এআই ও ডিপফেক প্রযুক্তির অপব্যবহার রোধে অডিও, ভিডিও, স্থিরচিত্র, গ্রাফিকস কিংবা কৃত্রিম বুদ্ধিমত্তা (এআই) ব্যবহার করে তৈরি কোনো কনটেন্টের মাধ্যমে কাউকে হেয় প্রতিপন্ন বা মানহানি করা হলে সর্বোচ্চ পাঁচ বছরের কারাদণ্ড বা ২০ লাখ টাকা পর্যন্ত অর্থদণ্ডের বিধান রাখা হয়েছে। বর্তমান সময়ে সাইবার সুরক্ষার বিষয়টি সবার জন্য অপরিহার্য। একই সঙ্গে বিষয়টি অত্যন্ত সংবেদনশীলও বটে। অতীতে ডিজিটাল নিরাপত্তা আইন নিয়ে অনেক বিতর্ক ছিল। বিশেষ করে সাংবাদিক, মানবাধিকারকর্মী ও সচেতন নাগরিক সমাজে এ নিয়ে উদ্বেগ দেখা গেছে। অভিযোগ ছিল, সাইবার অপরাধ দমনের নামে স্বাধীন মত প্রকাশ, সাংবাদিকতা এবং ভিন্নমত দমনে আইনের অপপ্রয়োগ করা হয়। সাইবার ক্রাইম অ্যাওয়্যারনেস ফাউন্ডেশনের সভাপতি কাজী মুস্তাফিজ কালের কণ্ঠকে বলেন, 'দেশে আইনের অভাব নেই, অভাব শুধু কার্যকারিতার। মনে রাখা প্রয়োজন, আইন তৈরির মূল উদ্দেশ্য মানুষকে শুধুই শাস্তি দেওয়া নয়; বরং কোনটি অপরাধ, তা জানিয়ে এর থেকে দূরে রাখা। দুঃখজনক হলেও সত্য, আমাদের দেশের বেশির ভাগ প্রচলিত আইন সম্পর্কে সাধারণ মানুষ কিছুই জানে না।' আমরা মনে করি, ইন্টারনেটনির্ভর এই যুগে নাগরিকদের ডিজিটাল জীবনের নিরাপত্তা দেওয়ার পাশাপাশি মত প্রকাশের মৌলিক অধিকার রক্ষা করাই আইনের আসল লক্ষ্য হওয়া উচিত। একই সঙ্গে সবার জন্য ডিজিটাল সাক্ষরতা এখন সময়ের দাবি। সর্বোপরি আইনের অপপ্রয়োগ রোধ করে এর সুফল নিশ্চিত করতে হবে।

জনবিচ্ছিন্ন বিএনপি জবাবদিহিতার

বিএনপি দেশের সকল জনগোষ্ঠীকে ঐক্যবদ্ধ করতে পারেনি। জনবিচ্ছিন্ন এই দলটির কোনো জবাবদিহিতাও নেই। দেশের ইতিহাসে এই প্রথম পার্বত্য চট্টগ্রামের কোনো প্রতিনিধি ছাড়াই একটি মন্ত্রণালয় চালানো হচ্ছে। রোববার (২ আগস্ট) বিকেলে চট্টগ্রাম প্রেস ক্লাবে আয়োজিত 'পাহাড়ে জুলাই' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। নাহিদ ইসলাম বলেন, জুলাইয়ের যে বিভাজন বা সংকট, তা আসলে যারা এখন ক্ষমতায় গিয়েছেন তাদের কারণেই সৃষ্টি হচ্ছে। কারণ তারা ক্ষমতায় যাওয়ার সঙ্গে সঙ্গেই এই বিভাজন তৈরি করেছেন। নির্বাচনের আগে তারা অনেক প্রতিশ্রুতি দিয়েছিলেন এবং জুলাই সনদের সমস্ত সংস্কার করতে চেয়েছিলেন, কিন্তু এখন তারা তা করছেন না। তাই এই সমস্ত রাজনৈতিক বিভাজনের জন্য বর্তমান সরকার এবং যারা ক্ষমতায় আছেন তারাই দায়ী। তিনি আরও বলেন, জুলাই গণ-অভ্যুত্থান শুধু সমতলের কোনো ঘটনা নয়, এটি পাহাড়েরও ঘটনা। এই গণ-অভ্যুত্থানে সমতল থেকে পাহাড়ে সমানভাবে আন্দোলন সংগঠিত হয়েছিল। পাহাড়ের সব ক্ষুদ্র নৃগোষ্ঠী ও জনগোষ্ঠী চাকমা, মারমা, ত্রিপুরা, ম্রো, তঞ্চঙ্গ্যা এবং বাঙালি, সকলেই রাজপথে নেমে এসেছিল। এনসিপি আহ্বায়ক বলেন, পাহাড়ি অঞ্চলের মানুষ, হোক সে বাঙালি কিংবা চাকমা-মারমাসহ অন্যান্য ক্ষুদ্র নৃগোষ্ঠী, সবাই গণতন্ত্র ও জুলাই সনদের প্রশ্নে ঐক্যবদ্ধ অবস্থান নেবে। আমাদের মূল কাজ হচ্ছে তাদেরকে এই বিষয়ে সচেতন করে তোলা, যাতে তারা বুঝতে পারে যে, জুলাই সনদটি আসলে সকলের জন্য প্রযোজ্য এবং এর মাধ্যমে পাহাড়ের মানুষ কীভাবে উপকৃত হবে। নাহিদ ইসলাম বলেন, দেশে যদি সুশাসন ও গণতন্ত্র থাকে, তবে দেশের অর্থনৈতিক উন্নয়ন সমানভাবে বণ্টিত হবে। অতীতে একটি সরকার দুই-তৃতীয়াংশ পেয়ে জিতে এসেছিল, কিন্তু তাদের জবাবদিহিতা না থাকায় শেষ পর্যন্ত দেশের মানুষ তাদেরকে সরিয়ে দিয়েছে।

দলীয়করণের নগ্নরাজনীতি থেকে

বলেছেন বিরোধী দলীয় নেতা ও জামায়াতে ইসলামীর আমির শফিকুর রহমান। রোববার জাতীয় প্রেসক্লাবের আব্দুস সালাম হলে বাংলাদেশ লেবার পার্টি আয়োজিত 'জান দেব, জুলাই দেব না' শীর্ষক আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে এ কথা বলেন জামায়াত আমির। প্রধানমন্ত্রীর উদ্দেশে শফিকুর রহমান বলেন, 'আপনি দায়িত্ব নেওয়ার আগে নির্বাচনের পুরা সময়টা জুড়ে বলেছেন আমরা একটা মেরিটোক্রেটিক সোসাইটি চাই, আমরা সুন্দর সোসাইটি করব। এখন তো পুরাটাই তার উল্টো। যেখানে স্থানীয় সরকারের নির্বাচনে নির্বাচিত প্রতিনিধিরা মানুষের সেবা করবে, সেসব জায়গায় আপনারা দলীয় নেতাদের বসিয়ে দিয়েছেন। যত তাড়াতাড়ি সম্ভব নির্বাচন দিয়ে জনপ্রতিনিধিদের সুযোগ করে দেওয়ার দাবি জানান বিরোধী দলীয় নেতা। তিনি অভিযোগ করেন, এখন শুধু নির্বাচিত জায়গায়ই নয়, যে সমস্ত জায়গায় প্রশাসনের লোকদের দায়িত্ব পালন করার কথা, সরকার সেখানে দলীয় নেতাদের পদায়ন করছে। তিনি বলেন, 'বাংলাদেশের ইতিহাসে এমন নজির আপনারা স্থাপন করছেন। আমরা পরিষ্কারভাবে ঘোষণা দিচ্ছি এগুলো আমরা প্রত্যাখ্যান করলাম, এগুলো আমরা মানি না, এগুলো আমরা মানব না।' বর্তমান সরকারকে একটা প্রতারক দল হিসেবে নয় বরং শাসক হিসেবে দেখতে চাই বলে মন্তব্য করেন জামায়াত আমির। তিনি বলেন, আমরা চাই তারা জনগণকে দেওয়া ওয়াদাটা অন্তত রক্ষা করুক। আমাদের লড়াইয়ের ক্ষেত্র দুইটা একটা সংসদ, সেখানে সমাধান হলে ঠিক আছে; না হলে আমাদের রাজপথ। রাজপথ কেউ কেড়ে নিতে পারবে না, রাজপথের জমিদারি জনগণ কাউকে দেয় নাই।' দেশের বিভিন্ন জায়গায় মব সৃষ্টি করা হচ্ছে বলে অভিযোগ করেন শফিকুর রহমান। সরকারের উদ্দেশে তিনি বলেন, 'আপনারা বলেছিলেন নতুন বাংলাদেশে মব হবে না। তাহলে এখন কারা করে? এই মবগুলো বন্ধ করেন। আমিও যদি মব করি, আমারও হাত অবশ করে দেন। আপনারাও মব করে বেশি দূর হাত বাড়াতে পারবেন না, সেই হাতটাও অবশ হয়ে যাবে।'

পুলিশ কোনো বিশেষ দলের

জনমনে স্বস্তি ও শান্তি প্রতিষ্ঠা করা। আইনের শাসন প্রতিষ্ঠায় পুলিশ বাহিনীর ভূমিকা অগ্রগণ্য। বিগত ফ্যাসিবাদী সরকারের আমলে অন্যান্য সব প্রতিষ্ঠানের ন্যায় পুলিশ বাহিনীও ক্ষতিগ্রস্ত হয়েছে। বর্তমান সরকার বিশ্বাস করে, পুলিশ কোনো বিশেষ দলের বা গোষ্ঠীর লাঠিয়াল বাহিনী নয়। পুলিশ হবে জনগণের বন্ধু। রোববার (২ আগস্ট) সকালে রাজশাহীর চারঘাটে বাংলাদেশ পুলিশ একাডেমি সারদায় ২৭তম বিসিএস (পুলিশ) ব্যাচের প্রথম পর্যায়ের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, বর্তমান প্রেক্ষাপটে ২৭তম পুলিশ ব্যাচকে দেশের আইনশৃঙ্খলা রক্ষায় অগ্রণী ভূমিকা পালন করতে হবে। ২৭তম বিসিএস পুলিশ ব্যাচের প্রথম পর্যায়ের প্রতিটি সদস্য দেশ ও জাতির প্রত্যাশা পূরণে নিজেদের নিয়োজিত করবে। দীর্ঘ সময় বিভিন্ন পেশায় নিয়োজিত থেকে আপনাদের লব্ধ জ্ঞান, প্রজ্ঞা ও অভিজ্ঞতা বাংলাদেশ পুলিশকে সমৃদ্ধ করবে। বাংলাদেশ পুলিশের ঐতিহ্য ও গৌরব ধরে রাখতে মুক্তিযুদ্ধের চেতনা ও ২০২৪ সালের ছাত্র গণঅভ্যুত্থানের শহীদের আত্মত্যাগের প্রতি সম্মান জানাতে এবং একটি শান্তিপূর্ণ ও উন্নত গণতান্ত্রিক বাংলাদেশ বিনির্মাণে আপনারা ভূমিকা পালন করবেন। তিনি আরও বলেন, ২৪-এর ছাত্র গণঅভ্যুত্থানের পরে গণমানুষের যে প্রত্যাশায় বর্তমান রূপান্তরমূলক এই রাষ্ট্র কাঠামোর মধ্য দিয়ে আমরা যাচ্ছি, আমাদের জাতির যে প্রত্যাশা, সেই প্রত্যাশা আপনারা পূরণ করবেন। দুর্নীতিমুক্ত থাকবেন, দেশের প্রতি দেশের মানুষের প্রতি সবসময় আপনারা এমন আচরণ করবেন, যাতে দেশের মানুষ মনে করে পুলিশ সত্যিকারভাবেই জনবান্ধব হয়েছে এবং জনগণের বন্ধু হয়েছে। প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজে প্যারেড কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার ড. মো. নূরুল হুদা ভূঁইয়া। তিনি দীর্ঘ প্রশিক্ষণের কৃতিত্বের অংশ হিসেবে বেস্ট প্রবেশনার এবং বেস্ট ইন ফিল্ড অ্যাক্টিভিটিজ অ্যাওয়ার্ড এই দুই ক্যাটাগরিতে অ্যাওয়ার্ড পাওয়ার গৌরব অর্জন করেন।

সরকারে আসছেন বলে

উদ্দেশে বলেছেন, ভালো কাজ দিয়ে মানুষের মন জয় করতে হবে। সরকারে আসছেন বলে কাউকে গরম দেখাবেন, কারও কাছ থেকে জোর করে কিছু নেবেন- এটা যেন না হয়। দাম্ভিকতা আল্লাহ পছন্দ করেন না, সীমালংঘনও পছন্দ করেন না। আমরা যেন সবাই মানুষের কাজের জন্য এগিয়ে যাই, আমরা যেন বিনয়ী হই। মানুষের বিপদে সাহায্য করি। রোববার (২ আগস্ট) বিকেলে ঠাকুরগাঁও সদর উপজেলার সালন্দর সিদ্দিকীয়া বিশ্ব ইসলাম মিশনে আলোচোনা সভায় তিনি এসব কথা বলেন। মির্জা ফখরুল বলেন, একটি দল ধর্মের নামে রাজনীতি করে। এই যে ধর্মের নামে মানুষকে বিভ্রান্ত করা এটা বোধ হয় ঠিক না। এতে করে মানুষ বিভ্রান্ত হয়। ধর্মে একটা খুব সেনসিটিভ জিনিস মানুষের। বুকের কাছের জিনিস। ওটার নাম বললে আমরা দুর্বল হয়ে যাই। কিন্তু সবসময় কি ঠিক কাজ করে ওই দলটা। তিনি বলেন, ধর্ম যার যার, রাষ্ট্র সবার। সবার রাষ্ট্র। এখানে সকলের সমান অধিকার রয়েছে। হিন্দু-মুসলিম, খ্রিস্টান-বৌদ্ধ। আমরা কাজ করতে চাই। আমরা মানুষের কল্যাণ করতে চাই। একদিকে অবকাঠামো করতে চাই, অন্যদিকে আমরা কর্মসংস্থানের ব্যবস্থা করতে চাই। আল্লাহ যতদিন সুস্থ রাখবেন, ততদিন আপনাদের সঙ্গে থেকেই কাজ করতে চাই। মির্জা ফখরুল বলেন, মানুষ যা চায় আল্লাহ তাকে কিন্তু সেটা দেয়, তাই মন থেকে চান। আমরা যদি সবাই চাই ঠাকুরগাঁওকে দারিদ্র্যমুক্ত করবো, উন্নয়ন করবো, কর্মসংস্থান গড়ে তুলবো তাহলেই সম্ভব। আমার বিশ্বাস আল্লাহ তাওয়ালার কাছে যদি প্রাণ খুলে চাওয়া যায় আল্লাহ তাওয়ালা সেটা কবুল করেন।

জুলাই ছিলো আগুনমাখা

প্রত্যাখ্যান: সরকারের পক্ষ থেকে গণভবনে আলোচনার আহ্বান জানানো হলেও শিক্ষার্থীরা তা সরাসরি প্রত্যাখ্যান করেন।অসহযোগ আন্দোলন: পরের দিন থেকে অসহযোগ আন্দোলন সফল করতে সর্বস্তরের মানুষকে রাজপথে নামার আহ্বান জানানো হয়। দেশজুড়ে বিক্ষোভ ও সংঘাত জনস্রোত: দুপুরের আগেই রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন জেলা-উপজেলায় লাখ লাখ ছাত্র-জনতা ও সাধারণ মানুষ রাস্তায় নেমে আসেন। নির্বিচার হামলা: দেশের বিভিন্ন স্থানে শান্তিপূর্ণ মিছিলে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী ও সরকারদলীয় লোকজনের বাধা এবং হামলা হয়।জনতার প্রতিরোধ: সাধারণ মানুষ সরকারের দমনপীড়ন উপেক্ষা করে রাজপথে আরও জোরালো অবস্থান নেন, যা পরবর্তী সময়ে ৫ আগস্ট সরকারের পতনের চূড়ান্ত ভিত্তি তৈরি করে।

সরকারি টাকা আত্মসাতের অভিযোগে

করে অভিযুক্তর বিরুদ্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করা হয়েছে। অভিযুক্ত আমিনুল ইসলাম বরিশালের গৌরনদী উপজেলার বার্থী নুরানী হাফেজী ও কওমী মাদ্রাসা এবং এতিমখানার মোহতামিম হিসেবে দীর্ঘদিন থেকে কর্মরত রয়েছেন। অভিযুক্তর ছবিসহ প্রচারনা চালানো ওই পোস্টারে উল্লেখ করা হয়েছে-এলাকার সহজ সরল মুসলিমদেরকে ধোকা দিয়ে অবৈধ উপায়ে চট্টগ্রামের হাটহাজারী মাদ্রাসায় ভর্তি এবং প্রাতিষ্ঠানিক পড়ালেখা ছাড়া ইফতা তথা মুফতির জাল সনদ প্রদান করেন অভিযুক্ত আমিনুল ইসলাম। এছাড়া তিনি মাদ্রাসার ২৪ জন এতিম ছাত্রদের জন্য সরকারিভাবে বরাদ্দকৃত মাসিক দুই হাজার টাকা করে ৪৮ হাজার টাকা নিজে ভোগ করেন। কাগজে কলমে যেসব শিশুদের এতিম দেখানো হয়েছে তারা কোন এতিম সন্তান নয়। তাদের কারো কারো বাবা প্রবাসী, ব্যবসায়ী ও চাকরিজীবী। সমাজ সেবা অধিদপ্তরে মিথ্যে তথ্য দিয়ে সরকারের বিপুল পরিমান টাকা আত্মাসাত করে আসছেন অভিযুক্ত মোহতামিম আমিনুল ইসলাম। সূত্রে আরও জানা গেছে, সরকারিভাবে এতিম শিক্ষার্থীদের জন্য প্রতিমাসে অর্থ বরাদ্দ করা হলেও মাদ্রাসার বার্ষিক রিপোর্টে বলা হয় আমরা কোন এতিম ছাত্রের জন্য সরকারি অনুদান পাই না। এতে করে সরকারের ভাবমূর্তি নষ্ট করা হচ্ছে বলেও ওই পোস্টারে উল্লেখ রয়েছে। এছাড়া ওই প্রতিষ্ঠানে এতিম ছাত্র রয়েছে ১০/১২ জন কিন্তু আমিনুল ইসলাম কাগজপত্রে ৭০ থেকে ৮০ জন এতিম ছাত্র দেখিয়ে আসছেন। বিদেশী অনুদানের জন্য মাদ্রাসায় সাতশ' জন ছাত্র-ছাত্রী দেখিয়ে বছরে প্রায় এক কোটি টাকা অনুদান আনলেও বার্ষিক রিপোর্টে ত্রিশ লাখ টাকা ব্যয় দেখিয়ে বাকি ৭০ লাখ টাকা আমিনুল ইসলাম নিজেই আত্মসাত করেন। পোস্টারে আরও উল্লেখ রয়েছে, মাদ্রাসার টাকা আত্মাসাত করে অমিনুল ইসলাম ব্যক্তিগতভাবে একটি বিশাল গরুর ফার্ম ও একটি মহিলা মাদ্রাসা প্রতিষ্ঠিত করেছেন। মাদ্রাসা প্রতিষ্ঠায় এলাকার লোকজন জায়গা এবং অর্থ দিয়ে সহযোগিতা করার পরেও বিভিন্ন সময় রাজনৈতিক নেতাদের মিথ্যা বলে এলাকার সাধারণ জনগণকে হেনস্তা করা হচ্ছে। পাশাপাশি তার (আমিনুল) বিরুদ্ধে নারী কেলেংকারীর অভিযোগ উল্লেখ করে পোস্টারে উল্লেখ করা হয়, এক ইতালী প্রবাসীর স্ত্রীর সাথে কৌশলে প্রেমের সম্পর্ক স্থাপন করে অসামাজিক কার্যকলাপের সময় এলাকাবাসীর কাছে হাতেনাতে ধরা পরার পর তাদের বিয়ে পড়িয়ে দেয়া হয়। পরবর্তীতে সেই দ্বিতীয় স্ত্রীর জন্য উপজেলার টরকী বন্দরে চার তলা বিশিষ্ট বাড়ি নির্মান করে দেয়ায় এলাকাবাসীর মধ্যে নানা প্রশ্নের সৃষ্টি হয়েছে। একজন মাদ্রাসার শিক্ষক কতো টাকা বেতন পান, যা দিয়ে টরকী বন্দরের মতো জায়গায় চারতলা বিশিষ্ট বাড়ি করা সম্ভব। পোস্টারে আরও উল্লেখ করা হয়েছে, ইসলাম ধর্মে সুদকে বারবার হারাম বলা হলেও আমিনুল ইসলাম টরকী বন্দরের ব্যবসায়ীদের কাছে মাদ্রাসা ফান্ডের লুণ্ঠিত টাকা সুদের ব্যবসায় বিনিয়োগ করেন। যা বিভিন্ন সময়ে মাদ্রাসা কমিটির মাধ্যমে আমিনুল ইসলামকে সর্তক করা সত্বেও তিনি (আমিনুল) কোন ভ্রুক্ষেপ না করে সুদের ব্যবসা অব্যাহত রেখেছেন। পোস্টারের সবশেষে আমিনুল ইসলামকে ধর্ম ব্যবসায়ী হিসেবে উল্লেখ করে তার বিরুদ্ধে উল্লেখিত সকল অভিযোগের সঠিক তদন্ত করে আইনের আওতায় এনে দৃষ্টান্তমূলক শাস্তিসহ মাদ্রাসার ও এতিমের আত্মসাতকৃত সকল টাকা মাদ্রাসা ফান্ডে জমা দেওয়ার জন্য সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্মকর্তাদের হস্তক্ষেপ কামনা করা হয়েছে। উল্লেখিত সকল অভিযোগ মিথ্যে ও ভিত্তিহীন দাবি করে অভিযুক্ত মুহতামিম আমিনুল ইসলাম বলেন-বিগত আওয়ামী লীগ সরকারের সময় ওই পোস্টার করা হয়েছিলো। সেসময় সমাজ সেবা অধিদপ্তরের কর্মকর্তা সরেজমিন তদন্ত করে অভিযোগের কোন সত্যতা পায়নি। তিনি আরো বলেন, এতিমখানায় আগে ২৪ জন ছাত্র ছিলো, বর্তমানে ৪৭ জন ছাত্র রয়েছে। তিনি (আমিনুল ইসলাম) কোন রাজনীতি করেন না দাবি করে বলেন-আগে একটি মসজিদের উদ্বোধনী অনুষ্ঠানে স্থানীয় আওয়ামী লীগের নেতারা এসেছিলো। সেই ছবিগুলো এখন প্রচার করে আমার বিরুদ্ধে নানা অপপ্রচার চালানো হচ্ছে। তিনি দাবি করেন, বর্তমানে বিএনপির নেতারাও আমাদের প্রতিষ্ঠান পরিদর্শন করেছেন। সুদ ব্যবসার সাথে তার কোন সম্পৃক্ততা নেই বলেও তিনি উল্লেখ করেছেন। অপরদিকে সমাজ সেবা অধিদপ্তরের গৌরনদী উপজেলা কর্মকর্তা সুশান্ত বালা বলেছেন-প্রতিটি অভিযোগের তদন্ত করে সত্যতা পাওয়া গেলে বিধি অনুযায়ী ব্যবস্থা গ্রহন করা হবে। গৌরনদী উপজেলা নির্বাহী অফিসার ও পৌর প্রশাসক মো. ইব্রাহীম বলেন-উল্লেখিত অভিযোগের ব্যাপারে কেউ আমার কাছে কোন অভিযোগ দায়ের করেননি। তারপরেও সরেজমিন পরিদর্শন করে অভিযোগগুলোর সঠিক তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

নিয়ন্ত্রণ হারিয়ে বরিশালগামী

বাসটি ভাঙ্গা উপজেলার চুমুরদী ইউনিয়নের চুমুরদী এলাকায় পৌঁছালে দুর্ঘটনার কবলে পড়ে। খবর পেয়ে ভাঙ্গা ফায়ার সার্ভিসের সদস্যরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধার অভিযান পরিচালনা করেন। পরে আহতদের উদ্ধার করে ভাঙ্গা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করা হয়। দুর্ঘটনার পর কিছু সময়ের জন্য ঢাকা-বরিশাল মহাসড়কে যান চলাচলে বিঘ্ন সৃষ্টি হলেও পুলিশ, ফায়ার সার্ভিস ও স্থানীয়দের তৎপরতায় পরিস্থিতি দ্রুত স্বাভাবিক হয়ে আসে। বাসের এক যাত্রী অভিযোগ করেন, প্রবল বৃষ্টির মধ্যেও চালক দ্রুতগতিতে বাস চালাচ্ছিলেন। একপর্যায়ে বাসটি নিয়ন্ত্রণ হারিয়ে সড়কের পাশের পানিভর্তি খাদে পড়ে যায়। স্থানীয় প্রত্যক্ষদর্শীরা জানান, দুর্ঘটনার সঙ্গে সঙ্গে আশপাশের লোকজন ছুটে এসে ফায়ার সার্ভিসের সদস্যদের সহযোগিতায় উদ্ধারকাজে অংশ নেন। এ সময় বাসের ভেতরে আটকে পড়া যাত্রীদের নিরাপদে বের করে আনা হয়। ভাঙ্গা হাইওয়ে পুলিশের একটি সূত্র জানায়, দুর্ঘটনার প্রকৃত কারণ জানতে তদন্ত চলছে। প্রাথমিকভাবে ধারণা করা হচ্ছে, প্রবল বৃষ্টির কারণে সড়ক পিচ্ছিল হয়ে পড়ায় চালক বাসের নিয়ন্ত্রণ হারিয়ে ফেলেন এবং সেটি খাদে পড়ে যায়। দুর্ঘটনায় বাসটির সামনের অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে। আহতদের মধ্যে কয়েকজনকে প্রাথমিক চিকিৎসা দিয়ে ছেড়ে দেওয়া হয়েছে। বাকিদের প্রয়োজনীয় চিকিৎসা চলছে। এ ঘটনায় এখন পর্যন্ত কোনো মৃত্যুর খবর পাওয়া যায়নি।

বরিশালে যুবলীগ ও ছাত্রলীগের মশাল মিছিল

সময় জিয়া সড়কের একটি তুলনামূলক নির্জন স্থানে মিছিলটি বের করা হয়। তবে এর স্থায়িত্ব ছিল অল্প সময়। প্রত্যক্ষদর্শীদের ভাষ্য, স্লোগানের শব্দ শুনে আশপাশের মানুষ রাস্তায় বেরিয়ে আসতে শুরু করলে মিছিলটি দ্রুত শেষ হয়ে যায়। তবে এ ধরনের কোনো মিছিলের ঘটনা ঘটেনি বলে দাবি করেছেন বরিশাল কোতোয়ালি মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আল মামুন উল ইসলাম। তিনি বলেন, 'এ ধরনের কোনো তথ্য আমাদের কাছে নেই। সামাজিক যোগাযোগমাধ্যমে যে ভিডিওটি ছড়িয়ে পড়েছে, সেটি আগে ধারণ করা হয়েছে। আগস্ট মাস উপলক্ষে সেটি এখন নতুন করে প্রচার করা হচ্ছে।' তবে ভিডিওটি ঠিক কবে ধারণ করা হয়েছিল, সে বিষয়ে নির্দিষ্ট কোনো তথ্য জানাতে পারেননি পুলিশের এই কর্মকর্তা।

বাড়লো এলপিজির দাম

ভিত্তি করে প্রতি মাসে এলপিজি ও অটোগ্যাসের নতুন দাম নির্ধারণ করে থাকে বাংলাদেশ এনার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)।

নেছারাবাদে গলায় ফাঁস

সদর হাসপাতাল মর্গে পাঠানো হয়।' এস.আই সেলিম আরও বলেন, 'আমরা পরিবারের কাছে জানতে পেরেছি দেনার দায়ে ঋণগ্রস্ত হয়ে তিনি মানসিক বিষণ্নতায় ভুগছিলেন। পরে রবিবার সকালে বাড়ির পেছনে একটি জাম্বুরা গাছের সঙ্গে নাইলনের মোটা রশি দিয়ে গলায় ফাঁস লাগিয়ে তিনি আত্মহত্যা করেন। পরিবারের সদস্যরা বিষয়টি টের পেয়ে স্থানীয়দের সহায়তায় পুলিশকে খবর দেন। খবর পেয়ে নেছারাবাদ থানা পুলিশ ঘটনাস্থলে পৌঁছে মরদেহ উদ্ধার করে এবং প্রয়োজনীয় আইনগত প্রক্রিয়া শুরু করে। নেছারাবাদ থানার অফিসার ইনচার্জ (ওসি) মো. মেহেদী হাসান জানান, সংবাদ পাওয়ার পরপরই ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে। এ ঘটনায় একটি অপমৃত্যু (ইউডি) মামলা প্রক্রিয়াধীন রয়েছে। মরদেহ ময়নাতদন্তের জন্য পিরোজপুর জেলা সদর হাসপাতালের মর্গে পাঠানো হয়েছে।

বরিশালের ৬ রুটে বাস ধর্মঘট

গড়ে কয়েক হাজার যাত্রী যাতায়াত করেন। বাস বন্ধ থাকায় দুর্ভোগে পড়েছেন যাত্রীরা। আন্দোলনরত শ্রমিকরা জানান, ৫ আগস্টের পর থেকে চরকাউয়া বাস মিনিবাস মালিক সমিতি ও শ্রমিক ইউনিয়নের কোনো ধরনের নির্বাচন হয়নি। পূর্বের কমিটি দিয়ে এখনও পরিচালনা করা হচ্ছে। শ্রমিক নেতাদের কর্তৃক শ্রমিকদের মারধরসহ নানা ধরনের হয়রানির শিকার হয়ে তারা বাস ধর্মঘট দিতে বাধ্য হয়েছেন। এদিকে, সকাল থেকে বাস চলাচল বন্ধ থাকায় ভোগান্তিতে পড়েছেন যাত্রীরা। তাদের অভিযোগ, বাস বন্ধ থাকায় মোটরসাইকেল, রিকশা-ভ্যান যোগে ঝুঁকি নিয়ে গন্তব্যে পৌঁছাতে হচ্ছে। সেই সুযোগে বাড়তি ভাড়া হাতিয়ে নিচ্ছেন ছোট গণপরিবহনের চালকরা। এ কারণে বাস শ্রমিকদের সংকট দ্রুত সমাধান দাবি করেছেন যাত্রীরা। এ প্রসঙ্গে চরকাউয়া বাস শ্রমিক ইউনিয়নের সাবেক সাধারণ সম্পাদক মাসুম মজুমদার বলেন, আমরা মালিক সমিতি এবং শ্রমিক ইউনিয়নের নির্বাচন দাবি জানাচ্ছি। যারা এখন দায়িত্বে আছে তারা বিগত ফ্যাসিস্ট আমলের লোক। তারা শ্রমিকদের ওপর জুলুম-নির্যাতন করছে। আমরা তাদের চাই না। নির্বাচনের মাধ্যমে যারাই দায়িত্বে আসুক তাদের নেতৃত্ব আমরা মেনে নেব। চরকাউয়া বাস মালিক সমিতির সভাপতি মামুন খন্দকার বলেন, শ্রমিকরা তাদের ইউনিয়নের নির্বাচনের জন্য ধর্মঘট করেছে। মালিক সমিতির বিষয় তাদের না। আমরা শ্রমিকদের নিয়ে বসে বিষয়টি সমাধানের জন্য চেষ্টা করছি।

বরিশাল জেলা রেড ক্রিসেন্টের নতুন

রাজনীতির সঙ্গে যুক্ত ছিলেন। তিনি ঢাকা বিশ্ববিদ্যালয়ের মাস্টারদা সূর্য সেন হলের নির্বাচিত সাংগঠনিক সম্পাদক ছিলেন। পরবর্তীতে বরিশাল জেলা যুবদলের সাধারণ সম্পাদক নির্বাচিত হন। এছাড়া জাতীয়তাবাদী যুবদলের কেন্দ্রীয় নির্বাহী কমিটির ১ নম্বর সহকারী প্রচার সম্পাদকের দায়িত্ব পালন করেন। এরপর আকন কুদ্দুসুর রহমান উত্তর জেলা বিএনপির সাধারণ সম্পাদক এবং বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য হিসেবেও দায়িত্ব পালন করেন। বিএনপি নেতাদের দাবি, বিগত আওয়ামী লীগ সরকারের সময়ে সরকারবিরোধী আন্দোলনে তিনি সক্রিয় ভূমিকা পালন করেছেন। এ সময় তার বিরুদ্ধে একাধিক মামলা হয় এবং তাকে কারাভোগ করতে হয়েছে বলেও দলীয় সূত্রে জানা গেছে। গত জাতীয় সংসদ নির্বাচনে তিনি দলীয় মনোনয়ন প্রত্যাশী ছিলেন। তবে মনোনয়ন না পেলেও পরবর্তীতে বিএনপি সরকার গঠন করার পর দলের জন্য অবদানের স্বীকৃতি হিসেবে তাকে বরিশাল জেলা পরিষদের প্রশাসক হিসেবে নিয়োগ দেওয়া হয় বলে দলীয় নেতাকর্মীরা জানান। এবার জেলা পরিষদের প্রশাসকের দায়িত্বের পাশাপাশি বরিশাল জেলা রেড ক্রিসেন্টের চেয়ারম্যানের দায়িত্বও পেলেন আকন কুদ্দুসুর রহমান।

বেনজীরের জামিন বাতিলে দুবাইয়ে

ফিরিয়ে আনার পদক্ষেপ সম্পর্কে মন্ত্রী বলেন, তার জামিন আদেশ বাতিলের জন্য বাংলাদেশ সরকারের পক্ষ থেকে দুবাইয়ে একটি 'ল' ফার্ম নিয়োগ করা হয়েছে। প্রতিষ্ঠানটি এ বিষয়ে কাজ শুরু করেছে। আমরা আশা করছি, আইনি প্রক্রিয়ার মাধ্যমে খুব দ্রুতই তাকে দেশে ফিরিয়ে আনা সম্ভব হবে। এর আগে রোববার বিকেলে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ রাজশাহী পুলিশ লাইনসে রাজশাহী রেঞ্জ পুলিশ ও রাজশাহী মেট্রোপলিটন পুলিশের (আরএমপি) কর্মকর্তা ও সদস্যদের সঙ্গে এক মতবিনিময় সভায় অংশ নেন। সভা শেষে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে তিনি এসব তথ্য জানান।

ভাণ্ডারিয়ায় জুলাই গণঅভ্যূত্থান

সম্পাদক দেলোয়ার হোসেন বিপ্লব, সাংগঠনিক সম্পাদক আবুল কালাম আযাত (মলাত) জোমাদ্দার,পৌর বিএনপির সিনিয়র যুগ্ম আহবায়ক মো.ওয়াসীম মন্নান উৎপল হাওলাদার,যুবদলের সদস্য সচিব মো. শামীম হাওলাদার,গণঅধিকার পরিষদের উপজেলা ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক মো. জুবায়ের হোসেন,জুলাই যোদ্ধা রাফসান সাদিসহ অন্যান্য সরকারি,বেসরকারি কর্মকর্তা,শিক্ষক প্রতিনিধি,বিভিন্ন রাজনৈতিক,সামাজিক দলের জেষ্ঠ্য নেতৃবৃন্দ। সভায় দিবসটি শ্রদ্ধা এবং ভালোবাসায় পালন করার জন্য জেলা প্রশাসনের সাথে সমন্বয় রেখে নানা কর্মসূচি হাতে নেয়া হয়েছে এবং তা বাস্তবায়নের জন্য বিভিন্ন কমিটি এবং উপ-কমিটি করা হয়েছে। কর্মসূচি গুলি হলো ৪আগষ্ট শিশুদের উন্মুক্ত বিষয় চিত্রাঙ্কন প্রতিযোগিতা,৫ম থেকে ৮ম শ্রেণির শিক্ষার্থীদের 'জুলাই গণঅভ্যুত্থান:দেশপ্রেম,সাহস ও নতুন বাংলণাদেশের স্বপ্ন, ৯ম থেকে ১২তম শ্রেণি 'জুলাই গণঅভ্যুত্থান ২০২৪:গণতন্ত্র,নাগরিক অধিকার ও তরুন সমাজের ভূমিকা এবং স্নাতক হতে স্নাতকোত্তর 'জুলাই গণঅভ্যুত্থান: রাষ্ট্র সংস্কার, গণতান্ত্রিক উত্তরণ ও টেকসই বাংলাদেশ বিনির্মাণে নাগরিকের ভূমিকা'বিষয়ের উপর রচনা প্রতিযোগিতা। ৫ই আগষ্ট সকাল নয়টায় উপজেলার ধাওয়া ইউনিয়নের শহিদ এমদাদুলের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ,সকাল ১১টায় উপজেলা অডিটরিয়ামে 'শহিদ পরিবারের তাৎপর্যের উপর আলোচনাসভা শেষে, চিত্রাঙ্কন,রচনা ও আবৃতি প্রতিযোগিতায় বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ। দুপুরে হাসপাতাল,এতিম খানায় বিশেষ খাবার বিতরণ,সুবিধামত সময় বিভিন্ন ধর্মীয় প্রতিষ্ঠানে শহিদদের আত্মার শান্তি কামনায় বিশেষ দোয়া ও প্রার্থণা,বিকালে জেলা তথ্য অফিসের সংগৃহিত 'জুলাই স্মৃতি'প্রামান্যচিত্র পদর্শণ এবং ঐদিন সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত বিনা টিকেটে শিশুদের বিনোদনের জন্য থানা ইকো পার্কে অবস্থিত সকল রাইডসএ ফ্রি করে দেয়ার সিদ্ধান্ত নেয়া হয়েছে। এদিকে দিবসটি যথাযোগ্য মর্যাদার মধ্য দিয়ে উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে পালনের জন্য উপজেলা প্রশাসনের পক্ষ থেকে বিশেষ নির্দেশনা দেয়া হয়েছে।

বরিশালের সিভিল সার্জনকে

খবর পাওয়ার পর দুপুরে তালা খুলে দেওয়া হয়। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ মন্ত্রণালয়ের স্বাস্থ্যসেবা বিভাগের যুগ্ম সচিব সাইফুল ইসলাম স্বাক্ষরিত গত ৩০ জুলাইয়ের প্রজ্ঞাপনে মনিরুজ্জামানকে বরিশালের সিভিল সার্জনের দায়িত্ব থেকে সরিয়ে স্বাস্থ্য অধিদপ্তরে সংযুক্ত করা হয়। সকালে প্রজ্ঞাপনটি বরিশাল সিভিল সার্জন কার্যালয়ে পৌঁছে। জানা গেছে, মো. মনিরুজ্জামান গত ২৪ জুলাই বরিশালের সিভিল সার্জন হিসেবে যোগদান করেন। যোগদানের দুই দিনের মাথায়, ২৬ জুলাই, তাঁর অপসারণের দাবিতে আন্দোলন শুরু হয়। সেদিন শিক্ষার্থীরা সিভিল সার্জনের কার্যালয়ে তালা ঝুলিয়ে দিলে তিনি আর দপ্তরে দায়িত্ব পালন করতে পারেননি। সিভিল সার্জন কার্যালয়ের জেলা কর্মকর্তা মো. কামরুল হাসান বলেন, রোববার বেলা সাড়ে ১১টার দিকে আন্দোলনকারী শিক্ষার্থীরা প্রতিটি কক্ষে গিয়ে কর্মকর্তা-কর্মচারীদের বের হয়ে যেতে বলেন। পরে সবাই বের হলে প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেওয়া হয়। আন্দোলনকারী ছাত্র অধিকার পরিষদের জেলা সভাপতি বলেন, ডা. মনিরুজ্জামানের বদলির খবর পাওয়ার পর কর্মসূচি প্রত্যাহার করা হয়েছে এবং প্রধান ফটকের তালা খুলে দেওয়া হয়েছে। তবে নতুন সিভিল সার্জন যোগদান না করা পর্যন্ত সিভিল সার্জনের কক্ষ তালাবদ্ধ থাকবে বলে জানান তিনি।

দুবাইয়ের কারাগার থেকে

কোনো বক্তব্য পাওয়া যায়নি। বেনজীর আহমেদ দুবাই পুলিশের হাতে গ্রেফতার হওয়ার তথ্য গত ১৪ জুন প্রথম জাতীয় সংসদে জানান স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ১২ জুন সংযুক্ত আরব আমিরাতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো (এনসিবি) আবুধাবি থেকে পাঠানো এক ই-মেইলে বাংলাদেশ সরকারকে জানানো হয়, দুর্নীতির মামলায় অভিযুক্ত বেনজীর আহমেদকে দুবাইয়ে আটক করা হয়। এরপর বাংলাদেশ সরকার আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বেনজীরের প্রত্যার্পণ চায়। এজন্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রস্তুত করা প্রায় ১৪৪ পৃষ্ঠার নথি আরবি ভাষায় অনুবাদ করে কূটনৈতিক মাধ্যমে দুবাইয়ে পাঠানো হয়। সেখানে তার বিরুদ্ধে দেশে গ্রেফতারি পরোয়ানা, মামলার তথ্য ও প্রত্যার্পণের প্রয়োজনীয় নথিপত্র সংযুক্ত করা হয়।

সরকারের আশ্বাসে আন্দোলন

জাতীয় জাদুঘরের সামনে অবস্থান কর্মসূচি পালন করেন দেশের বিভিন্ন জেলা থেকে আসা সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা। বেলা পৌনে ১২টার দিকে কোরআন তিলাওয়াত, অন্যান্য ধর্মাবলম্বীদের পবিত্র ধর্মগ্রন্থ পাঠ, জাতীয় সংগীত পরিবেশন এবং চাকরিপ্রাপ্ত সহকর্মীদের মধ্যে যারা মারা গেছেন তাদের স্মরণে এক মিনিট নীরবতা পালনের মধ্য দিয়ে আনুষ্ঠানিকভাবে কর্মসূচি শুরু হয়। আন্দোলনকে কেন্দ্র করে শাহবাগ থানার সামনে পুলিশের ব্যারিকেড ও একটি জলকামান মোতায়েন করা হয়। এতে শাহবাগ থেকে টিএসসি অভিমুখের ডান পাশের সড়কে যান চলাচল বন্ধ হয়ে যায়। সরেজমিনে দেখা যায়, আন্দোলনকারীদের অনেকের মাথায় লাল কাপড় বাঁধা ছিল। তারা ব্যানার-প্ল্যাকার্ড হাতে দ্রুত যোগদান ও পদায়নের দাবিতে বিভিন্ন স্লোগান দেন। তাদের দাবি ছিল, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ জন প্রার্থী ফল প্রকাশের ১৭৫ দিন পার হলেও এখনো যোগদান করতে পারেননি। নিয়োগের সব ধাপ শেষ হলেও দীর্ঘ অনিশ্চয়তায় থাকতে হচ্ছে বলে তারা অভিযোগ করেন। আন্দোলনের মধ্যেই রোববার দুপুরে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় নতুন বিজ্ঞপ্তি জারি করে। বিদ্যালয়-২ শাখার উপসচিব রাজীব কুমার সরকারের সই করা ওই বিজ্ঞপ্তিতে জানানো হয়, আগে নির্ধারিত ২৯ অক্টোবরের পরিবর্তে আগামী ১ অক্টোবর চূড়ান্তভাবে নির্বাচিত ১৪ হাজার ৩৮৪ জন সহকারী শিক্ষক সংশ্লিষ্ট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। পরদিন ২ অক্টোবর তাদের পদায়ন করা হবে। যথাসময়ে নিয়োগপত্র পাঠানো হবে এবং পরে পেশাগত প্রশিক্ষণের ব্যবস্থা করা হবে। বিজ্ঞপ্তি প্রকাশের পর আন্দোলনকারীরা জানান, সরকারের এই সিদ্ধান্তে তারা ইতিবাচক সাড়া দিচ্ছেন। প্রজ্ঞাপন জারি এবং তা ওয়েবসাইটে প্রকাশের পর তারা আন্দোলন প্রত্যাহার করবেন। এর আগে শনিবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের এক জরুরি ভার্চুয়াল সভা শেষে সচিব মো. সাখাওয়াত হোসেন জানিয়েছিলেন, তদন্ত ও প্রক্রিয়াগত দীর্ঘসূত্রতার কারণে নিয়োগে বিলম্ব হয়েছে। সে সময় তিনি বলেছিলেন, আগামী ২৯ অক্টোবর চূড়ান্তভাবে নির্বাচিত সহকারী শিক্ষকদের যোগদান করানো হবে। তবে পরদিন নতুন সিদ্ধান্তে যোগদানের তারিখ এক মাসের বেশি এগিয়ে আনা হয়।

৩০ সেপ্টেম্বরের মধ্যে রিটার্ন

মধ্যে রিটার্ন দাখিল করলে ব্যক্তি শ্রেণির করদাতারা করছাড়ের সুবিধা পাবেন। বিজ্ঞপ্তিতে বলা হয়, নির্ধারিত সময়ে রিটার্ন দাখিলকারী স্বাভাবিক ব্যক্তি ও হিন্দু অবিভক্ত পরিবারের করদাতারা আয়কর আইন, ২০২৩-এর ধারা ১৭৩ অনুযায়ী পরিশোধযোগ্য করের ৫ শতাংশ পর্যন্ত কর প্রণোদনা পাবেন। তবে, এ করছাড়ের সর্বোচ্চ সীমা হবে ২৫ হাজার টাকা। এনবিআর জানায়, ১ অক্টোবর থেকে ৩১ ডিসেম্বর পর্যন্ত রিটার্ন দাখিল করলে কোনো কর প্রণোদনা পাওয়া যাবে না। ১ জানুয়ারি থেকে ৩১ মার্চের মধ্যে রিটার্ন দাখিল করলে পরিশোধযোগ্য করের ২ শতাংশ অথবা ৩ হাজার টাকা, যেটি বেশি, সেই পরিমাণ অতিরিক্ত কর দিতে হবে। এছাড়া ১ এপ্রিল থেকে ৩০ জুন পর্যন্ত রিটার্ন জমা দিলে পরিশোধযোগ্য করের ৫ শতাংশ অথবা ৫ হাজার টাকা, যেটি বেশি, সেই পরিমাণ অতিরিক্ত কর প্রযোজ্য হবে। এনবিআর জানায়, কর প্রণোদনার এ ব্যবস্থা করদাতাদের নির্ধারিত সময়ের শুরুতেই রিটার্ন দাখিলে উৎসাহিত করবে। একই সঙ্গে স্বেচ্ছায় কর পরিপালনের সংস্কৃতি জোরদার হবে এবং কর প্রশাসনের কার্যক্রম আরও দক্ষ ও সুশৃঙ্খল হবে। সংবাদ বিজ্ঞপ্তিতে আরও জানানো হয়, গত ২২ জুলাই থেকে ২০২৬-২৭ করবর্ষের জন্য ব্যক্তি শ্রেণির করদাতাদের ই-রিটার্ন সেবা চালু হয়েছে। এনবিআরের ই-ট্যাক্স প্ল্যাটফর্মের মাধ্যমে ঘরে বসেই আয়কর রিটার্ন দাখিল করা যাচ্ছে। একই সঙ্গে ব্যাংক ট্রান্সফার, ডেবিট ও ক্রেডিট কার্ড, বিকাশ, নগদ এবং রকেটসহ বিভিন্ন ডিজিটাল মাধ্যমে কর পরিশোধের সুবিধাও রয়েছে। সংস্থাটি বলছে, সঠিক তথ্য দিয়ে রিটার্ন দাখিলের পর তাৎক্ষণিকভাবে প্রাপ্তিস্বীকারপত্র ও আয়কর সনদ সংগ্রহ করা সম্ভব। অনলাইনে রিটার্ন দাখিলে কোনো সমস্যা হলে সরকারি ছুটির দিন ছাড়া অফিস চলাকালীন এনবিআরের কল সেন্টার এবং অন্যান্য ইলেকট্রনিক মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা পাওয়া যাবে। এনবিআর করদাতাদের ৩০ সেপ্টেম্বরের মধ্যেই রিটার্ন দাখিল করে কর প্রণোদনার সুবিধা নেওয়ার আহ্বান জানিয়েছে।

জুলাই মাসে ২.৮৫ বিলিয়ন

ধারাবাহিকতায় দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভও ইতিবাচক অবস্থানে রয়েছে। বর্তমানে রিজার্ভের পরিমাণ ৩৬ দশমিক ৪৫ বিলিয়ন ডলার, যা আগের সপ্তাহে ছিল ৩৬ দশমিক ৪৮ বিলিয়ন ডলার। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন অনুযায়ী, ১ থেকে ৩১ জুলাই পর্যন্ত দেশে মোট ২৮৫ কোটি ৮৬ লাখ ৮০ হাজার (২ দশমিক ৮৫৮ বিলিয়ন) মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। দেশীয় মুদ্রায় (প্রতি ডলার ১২৩ টাকা হিসাবে) এর পরিমাণ প্রায় ৩৫ হাজার ১৬০ কোটি ৭৮ লাখ টাকা। গত (২০২৫-২৬) অর্থবছরের একই সময়ে এ পরিমাণ ছিল ২৪৭ কোটি ৭৮ লাখ ৭০ হাজার ডলার। কেন্দ্রীয় ব্যাংকের তথ্য বলছে, চলতি মাসের প্রথম পাঁচ দিনে দেশে এসেছিল ৫৬ কোটি ৭০ লাখ ডলার। এরপর ধারাবাহিকভাবে রেমিট্যান্স প্রবাহ বাড়তে থাকে। মাসের প্রথম ২১ দিনে আসে ২০৯ কোটি ৫০ লাখ ডলার, ২৭ দিনে তা বেড়ে দাঁড়ায় ২৫২ কোটি ৪০ লাখ ডলারে। ৩১ জুলাই পর্যন্ত মোট রেমিট্যান্স পৌঁছায় প্রায় ২৮৬ কোটি ডলারে। বাংলাদেশ ব্যাংকের তথ্য অনুযায়ী, জুলাই মাসে রাষ্ট্রায়ত্ত ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৪৩ কোটি ৭৯ লাখ ৭০ হাজার ডলার। বিশেষায়িত দুই ব্যাংকের মধ্যে একটি বাংলাদেশ কৃষি ব্যাংকের মাধ্যমে এসেছে ৩২ কোটি ৫৫ লাখ ডলার। বেসরকারি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ২০৮ কোটি ৯৮ লাখ ৭০ হাজার ডলার এবং বিদেশি ব্যাংকগুলোর মাধ্যমে এসেছে ৫৩ লাখ ২০ হাজার ডলার। জুলাই মাসে আটটি ব্যাংকের মাধ্যমে কোনো রেমিট্যান্স আসেনি। এসব ব্যাংকের মধ্যে রয়েছে রাষ্ট্রায়ত্ত বাংলাদেশ ডেভেলপমেন্ট ব্যাংক পিএলসি (বিডিবিএল), বিশেষায়িত রাজশাহী কৃষি উন্নয়ন ব্যাংক (রাকাব), বেসরকারি আইসিবি ইসলামী ব্যাংক পিএলসি ও পদ্মা ব্যাংক পিএলসি। বিদেশি ব্যাংকের মধ্যে রয়েছে ব্যাংক আল-ফালাহ, হাবিব ব্যাংক, ন্যাশনাল ব্যাংক অব পাকিস্তান এবং স্টেট ব্যাংক অব ইন্ডিয়া। সংশ্লিষ্টদের মতে, ব্যাংকিং চ্যানেলে অর্থ পাঠানোর প্রবণতা বৃদ্ধি এবং বৈধ পথে রেমিট্যান্স পাঠাতে সরকারের বিভিন্ন উদ্যোগ ও প্রণোদনার কারণে প্রবাসী আয়ের ইতিবাচক ধারা বজায় রয়েছে। এ ধারা অব্যাহত থাকলে আগামী মাসগুলোতেও রেমিট্যান্স প্রবাহ শক্তিশালী থাকতে পারে, যা দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভ, আমদানি ব্যয় নির্বাহ এবং বৈদেশিক লেনদেনের ভারসাম্য রক্ষায় ইতিবাচক ভূমিকা রাখবে।

কাউখালীতে গাঁজাচাষকারী

গাজা গাছ উদ্ধার করেন, এস আই মহিউদ্দিন ও এএসআই খাইরুল হাসানের নেতৃত্বাধীন, কাউখালী থানা পুলিশের একটি চৌকস দল। পুলিশ সূত্রে জানা যায়,?আটককৃত মোঃ ইব্রাহিম(২০) অবৈধভাবে, নিজ হাতে মোঃ মিজানুর রহমান খানের ফলজ বাগানে গাঁজার বীজ রোপণ করে। যা পরবর্তীতে বীজ থেকে একটি পূর্ণাঙ্গ গাছে পরিনত হয়। গোপন সংবাদের ভিত্তিতে অভিযান পরিচালনা করে, গাছ সহ মোঃ ইব্রাহিমকে গ্রেফতার করা হয়। তিনি মোঃআব্দুল হালিম ও মোসাঃ রেহানা দম্পতির ছেলে। প্রতিনিয়ত মাদক নির্মূলে, মাদক সেবনকারী ও মাদক ব্যবসায়ীদের বিরুদ্ধে পুলিশের এই পরিচালিত অভিযান, উপজেলার প্রতিটি মহল্লায় ব্যাপক সারা যুগিয়েছে। একইসাথে জনমনে পুলিশের প্রতি বিশ্বস্ততা সহ আস্থাও সৃষ্টি হচ্ছে। এ বিষয়ে কাউখালী থানার অফিসার ইনচার্জ মোঃ আনোয়ার হোসেন বলেন, মাকদকের বিরুদ্ধে আমাদের এই জিরো টলারেন্স নীতি ও অভিযান অব্যাহত থাকবে। আটককৃত আসামির বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে পিরোজপুর বিজ্ঞ আদালতে প্রেরণ করা হয়েছে বলে জানা গেছে।

এইচএসসি পরীক্ষা ঘিরে রমরমা 'বাণিজ্য'

৯৪০ টাকা এবং বিজ্ঞান শাখার জন্য ২ হাজার ১৪০ টাকা। অভিযোগ রয়েছে, কলেজ কর্তৃপক্ষ নির্ধারিত ফির বাইরে নিয়মিত ও অনিয়মিত মিলিয়ে ২৪২ শিক্ষার্থীর কাছ থেকে ৩ হাজার ৫০০ টাকা থেকে শুরু করে ৪ হাজার এবং অনেকের কাছ থেকে ৫ হাজার টাকা পর্যন্ত আদায় করেছে। পরে ব্যবহারিক পরীক্ষার নামে শিক্ষার্থীদের কাছ থেকে আবারও আলাদাভাবে টাকা নেওয়া হয়েছে। এছাড়া প্রবেশপত্র বিতরণের সময়ও প্রত্যেক শিক্ষার্থীর কাছ থেকে ১ হাজার টাকা করে নেওয়ার অভিযোগ করেছেন পরীক্ষার্থীরা। পরীক্ষার্থীরা জানান, ফরম পূরণের সময় কলেজ কর্তৃপক্ষ তাদের জানিয়েছিল, আদায়কৃত টাকার মধ্যেই ব্যবহারিক পরীক্ষার ফি অন্তর্ভুক্ত রয়েছে। কিন্তু পরে পরীক্ষা চলাকালে প্রতিটি ব্যবহারিক পরীক্ষার জন্য আবার আলাদাভাবে টাকা নেওয়া হয়। একই সঙ্গে প্রবেশপত্র সংগ্রহের সময়ও ১ হাজার টাকা করে দিতে বাধ্য করা হয়েছে। এতে অনেক পরিবারের ওপর অতিরিক্ত আর্থিক চাপ সৃষ্টি হয়েছে। এইচএসসি পরীক্ষার্থী শামিম বলেন, আমি মানবিক বিভাগের শিক্ষার্থী। ফরম পূরণের সময় আমার কাছ থেকে ৪ হাজার টাকা নেওয়া হয়েছে। পরে প্রবেশপত্র নেওয়ার সময় আরও ১ হাজার টাকা দিতে হয়েছে। আমার মতো অনেক শিক্ষার্থীর কাছ থেকেই ৪ থেকে ৫ হাজার টাকা পর্যন্ত নেওয়া হয়েছে। বিজ্ঞান বিভাগের পরীক্ষার্থী জাহিদ বলেন, ফরম পূরণের সময় আমি ৫ হাজার টাকা দিয়েছি। পরে প্রবেশপত্র নেওয়ার সময় আরও ১ হাজার টাকা নেওয়া হয়েছে। নাম প্রকাশে অনিচ্ছুক এক পরীক্ষার্থীর স্বজন বলেন, আমার স্ত্রী ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার্থী এবং মানবিক বিভাগের শিক্ষার্থী। তার ফরম পূরণের সময় ৪ হাজার টাকা দিয়েছি। এছাড়া রেজিস্ট্রেশনের সময় ১ হাজার টাকা এবং প্রবেশপত্র নেওয়ার সময় আরও ১ হাজার টাকা দিতে হয়েছে। অথচ আমরা জানি, প্রবেশপত্রের জন্য শিক্ষা বোর্ড কোনো ফি নির্ধারণ করেনি এবং ফরম পূরণের ফিরও নির্দিষ্ট হার রয়েছে। কলেজ কর্তৃপক্ষ আমাদের কাছ থেকে অতিরিক্ত অর্থ আদায় করেছে। এ বিষয়ে দুলারহাট মডেল কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোহাম্মদ ইউছুফ আলীর বক্তব্য জানতে মুঠোফোনে যোগাযোগ করা হলে তিনি কলেজে গিয়ে কথা বলতে বলেন। পরে কলেজে গেলে তিনি প্রতিবেদনটি প্রকাশ না করার জন্য অনুরোধ করেন। কলেজের গভর্নিং বডির সভাপতি শাখাওয়াত হোসেন মাসুদ বলেন, এ ধরনের কোনো অনিয়ম হয়ে থাকলে এবং অভিযোগের সত্যতা প্রমাণিত হলে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।

আট বছরেও চালু হয়নি ঝালকাঠি

বিদ্যমান জনবল দিয়েই দ্রুত এসব সেবা চালুর প্রস্তুতি নেওয়া হচ্ছে। স্থানীয়দের অভিযোগ, আধুনিক হাসপাতাল ভবন নির্মাণ হলেও সেবার পরিধি বাড়েনি। জটিল রোগ তো বটেই, অনেক ক্ষেত্রে সাধারণ চিকিৎসার জন্যও রোগীদের বিভাগীয় শহর কিংবা বেসরকারি হাসপাতালে যেতে হচ্ছে। এতে চিকিৎসা ব্যয়ের পাশাপাশি বাড়ছে দুর্ভোগও। হাসপাতাল কর্তৃপক্ষ জানিয়েছে, ১৯৮৩ সালে ৫০ শয্যা নিয়ে যাত্রা শুরু করে ঝালকাঠি সদর হাসপাতাল। ২০০৩ সালে এটি ১০০ শয্যায় উন্নীত করা হয়। পরে ২০১৮ সালে প্রায় ৭০ কোটি টাকা ব্যয়ে হাসপাতালটিকে ২৫০ শয্যায় উন্নীত করার লক্ষ্যে নয়তলা ভবন নির্মাণ প্রকল্পের কাজ শুরু হয়। তিন বছরের মধ্যে কাজ শেষ হওয়ার কথা থাকলেও নানা জটিলতায় প্রকল্পের মেয়াদ কয়েক দফা বাড়ানো হয়। নির্মাণকাজ পুরোপুরি শেষ না হলেও ২০২৩ সালের অক্টোবরে নতুন ভবনের উদ্বোধন করা হয়। কিন্তু চিকিৎসক, নার্স ও অন্যান্য প্রয়োজনীয় জনবল নিয়োগ না হওয়ায় ভবনটি এখনও পূর্ণাঙ্গভাবে চালু করা সম্ভব হয়নি। সেইসঙ্গে ভবনের লিফট স্থাপনের কাজ শেষ না হওয়ায় ঠিকাদারি প্রতিষ্ঠানের প্রতিনিধিরা জানান, কার্যাদেশ অনুযায়ী তাদের নির্মাণকাজ অনেক আগেই শেষ হয়েছে। একাধিকবার ভবন বুঝিয়ে দেওয়ার উদ্যোগ নেওয়া হলেও হাসপাতাল কর্তৃপক্ষ তা গ্রহণ করেনি। ফলে ভবনের রক্ষণাবেক্ষণে প্রতি মাসে প্রায় দেড় লাখ টাকা ব্যয় করতে হচ্ছে। হাসপাতালে চিকিৎসা নিতে আসা পৌর শহরের বাসিন্দা কলি আক্তার বলেন, "নতুন ভবন দেখে ভেবেছিলাম সব ধরনের চিকিৎসা এখানেই পাব। কিন্তু এখনো আগের মতোই ভিড়, জায়গার সংকট আর অনেক পরীক্ষার জন্য বাইরে যেতে হয়। ২৫০ শয্যার হাসপাতাল চালু হলে আমাদের অনেক উপকার হত।" এত বড় ভবন তৈরি হওয়ার পরও সেবা না পাওয়াটা হতাশাজনক বলে ক্ষোভ প্রকাশ করেন রোগীর স্বজন মো. সোহেল হোসেন। নলছিটি উপজেলার বাসিন্দা ফাতেমা আক্তার বলেন, সরকার এতো টাকা খরচ করে হাসপাতাল বানিয়েছে। এখন প্রয়োজন চিকিৎসক, নার্স ও প্রয়োজনীয় যন্ত্রপাতি দিয়ে দ্রুত কার্যক্রম চালু করা। তাহলে নিজ জেলাতেই মানুষ উন্নত চিকিৎসা নিতে পারবেন। ঝালকাঠি সচেতন নাগরিক কমিটি (সনাক)-এর সভাপতি বীর মুক্তিযোদ্ধা সত্যবান সেন বলেন, "একটি হাসপাতাল ভবন বছরের পর বছর পূর্ণাঙ্গভাবে চালু না হওয়া অত্যন্ত দুঃখজনক। অবকাঠামো নির্মাণের পাশাপাশি প্রয়োজনীয় জনবল, যন্ত্রপাতি ও অন্যান্য প্রস্তুতি নিশ্চিত না হলে জনগণ কাঙ্ক্ষিত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হবেন। দ্রুত লিফট স্থাপন, প্রয়োজনীয় চিকিৎসক ও নার্স নিয়োগ এবং ২৫০ শয্যার পূর্ণাঙ্গ কার্যক্রম চালুর জন্য সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্যোগ নেওয়ার দাবি জানান তিনি। ঝালকাঠি জেলা গণপূর্ত বিভাগের নির্বাহী প্রকৌশলী মো. আজাদ রহমান বলেন, "লিফট স্থাপনের টেন্ডার প্রক্রিয়ায় দেরি হওয়ায় ভবনটি আনুষ্ঠানিকভাবে হস্তান্তর করা যায়নি। আগামী নভেম্বরের মধ্যে লিফট স্থাপনসহ অবশিষ্ট কাজ শেষ হবে। তবে এর আগেই হাসপাতাল কর্তৃপক্ষ যে অংশ ব্যবহার করতে চাইবে, তা বুঝিয়ে দেওয়া হবে।" স্বাস্থ্য বিভাগ জানিয়েছে, বর্তমানে ১০০ শয্যার সদর হাসপাতালে প্রতিদিন বহির্বিভাগে ৮০০ থেকে এক হাজার রোগী চিকিৎসা নিতে আসেন। দীর্ঘ প্রতীক্ষার অবসান ঘটিয়ে দ্রুত ২৫০ শয্যা হাসপাতালের পূর্ণাঙ্গ কার্যক্রম চালু হবে বলে প্রত্যাশা স্থানীয়দের।

ভোলা-বরিশাল সেতু হলে জাতীয়

সরকারি-বেসরকারি অংশীদারত্ব (পিপিপি) মডেলে প্রকল্পটি বাস্তবায়নে আগ্রহ প্রকাশ করেছে জাপানের নির্মাণ প্রতিষ্ঠান মিয়াগাওয়া কেনসেটসু কনস্ট্রাকশন লিমিটেডে। বাংলাদেশ সেতু বিভাগ ও পিপিপি কর্তৃপক্ষ সূত্রে জানা গেছে, রাজধানীতে অনুষ্ঠিত অষ্টম বাংলাদেশ-জাপান যৌথ পিপিপি প্ল্যাটফর্মের সভায় ভোলা-বরিশাল ও শরীয়তপুর-চাঁদপুর সেতু প্রকল্পকে নতুন অগ্রাধিকার প্রকল্প হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে। ওই সভায় মিয়াগাওয়া কেনসেটসু কনস্ট্রাকশন লিমিটেড দুটি সেতু নির্মাণে আনুষ্ঠানিকভাবে আগ্রহ প্রকাশ করে। পিপিপি মডেলে বাস্তবায়নের জন্য প্রস্তাবিত দুটি প্রকল্পের মোট ব্যয় ধরা হয়েছে ৩৩ হাজার ৪২৩ কোটি টাকা। এর মধ্যে শুধু ভোলা-বরিশাল সেতুর ব্যয় প্রাক্কলন করা হয়েছে ১৭ হাজার ৪৬৬ কোটি টাকা। পিপিপি নীতিমালা অনুযায়ী ভূমি অধিগ্রহণের ব্যয় বহন করবে বাংলাদেশ সরকার। সেতু বিভাগের তথ্য অনুযায়ী, প্রস্তাবিত ভোলা-বরিশাল সেতুর দৈর্ঘ্য হবে ১০ দশমিক ৮৬ কিলোমিটার। নির্মাণ শেষ হলে এটি হবে দেশের দীর্ঘতম সেতু। দ্বীপজেলা ভোলার সঙ্গে বরিশালের স্থায়ী সড়ক যোগাযোগ প্রতিষ্ঠার পাশাপাশি এটি দক্ষিণাঞ্চলের অর্থনৈতিক কর্মকাণ্ডে নতুন গতি আনবে। ২০২৪ সালে সম্পন্ন হওয়া সম্ভাব্যতা সমীক্ষায় বলা হয়েছে, সেতুটি চালু হলে দক্ষিণাঞ্চলে দেশি-বিদেশি বিনিয়োগ বাড়বে, নতুন শিল্পপ্রতিষ্ঠান গড়ে উঠবে এবং কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি হবে। আগামী ৩০ বছরে প্রকল্পটি দেশের মোট দেশজ উৎপাদনে (জিডিপি) প্রায় শূন্য দশমিক ৮৬ শতাংশ অবদান রাখতে পারে। সবচেয়ে গুরুত্বপূর্ণ বিষয় হল, সেতুটি নির্মিত হলে ভোলার গ্যাস জাতীয় গ্রিডে সরবরাহের ক্ষেত্রে বিদ্যমান সীমাবদ্ধতা দূর হবে। সংশ্লিষ্ট কর্মকর্তাদের মতে, এতে দেশের জ্বালানি নিরাপত্তা আরও শক্তিশালী হবে এবং গ্যাসভিত্তিক শিল্প সম্প্রসারণের সুযোগ বাড়বে। সেতু বিভাগ ও পিপিপি কর্তৃপক্ষের কর্মকর্তারা জানান, মিয়াগাওয়া এককভাবে অথবা অন্য জাপানি প্রতিষ্ঠানের সঙ্গে যৌথভাবে প্রকল্প বাস্তবায়নে অংশ নিতে পারে। তবে প্রতিষ্ঠানটিকে চূড়ান্তভাবে নির্বাচনের আগে ট্রানজিশন পরামর্শক নিয়োগ, সম্ভাব্যতা যাচাই এবং পরবর্তী ধাপে রিকোয়েস্ট ফর প্রপোজাল (আরএফপি) আহ্বান করা হবে। মূল্যায়ন শেষে নির্বাচিত প্রতিষ্ঠানের সঙ্গে চুক্তি করবে সরকার। বাংলাদেশে মিয়াগাওয়ার স্থানীয় অংশীদার হিসেবে কাজ করছে স্ট্যালিয়ন ক্যাপিটাল লিমিটেড। প্রতিষ্ঠানটির চেয়ারম্যান সাঈদ ইব্রাহিম আহমেদ বলেন, 'ভোলা-বরিশাল সেতু শুধু একটি যোগাযোগ অবকাঠামো নয়; এটি দক্ষিণাঞ্চলের অর্থনীতি, শিল্পায়ন ও জ্বালানি খাতে দীর্ঘমেয়াদি ইতিবাচক প্রভাব ফেলবে। জাপানি বিনিয়োগ বাড়ানোর লক্ষ্যেই তারা দীর্ঘদিন ধরে কাজ করছেন।' একই সভায় শরীয়তপুর-চাঁদপুর সেতু প্রকল্পকেও বাংলাদেশ-জাপান যৌথ পিপিপি প্ল্যাটফর্মের নতুন প্রকল্প হিসেবে নিশ্চিত করা হয়েছে। প্রায় ৮ কিলোমিটার দীর্ঘ এ সেতুর ব্যয় ধরা হয়েছে ১৫ হাজার ৯৫৭ কোটি টাকা। এটি নির্মিত হলে দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ২১ জেলার সঙ্গে দক্ষিণ-পূর্বাঞ্চলের ১১ জেলার সরাসরি সড়ক যোগাযোগ স্থাপিত হবে। পাশাপাশি খুলনা ও চট্টগ্রামের মধ্যকার সড়কপথ প্রায় ৯০ কিলোমিটার কমে আসবে এবং ঢাকার ওপর যানবাহনের চাপও হ্রাস পাবে। বৈঠকে ভোলা-লক্ষ্মীপুর সেতু প্রকল্পও উপস্থাপন করা হয়। জাপানি প্রতিনিধি দল প্রকল্পটির প্রতিও আগ্রহ প্রকাশ করেছে। সেতু বিভাগ মনে করছে, মেঘনা নদীর ওপর এ সেতু নির্মিত হলে দক্ষিণাঞ্চলের যোগাযোগব্যবস্থায় আরও বড় পরিবর্তন আসবে এবং আঞ্চলিক বাণিজ্য সম্প্রসারিত হবে। পিপিপি কর্তৃপক্ষের প্রধান নির্বাহী কর্মকর্তা আশিক চৌধুরী বলেন, 'বাংলাদেশ-জাপান যৌথ পিপিপি প্ল্যাটফর্ম বড় অবকাঠামো প্রকল্পে মানসম্মত বিনিয়োগ আকর্ষণের কার্যকর মাধ্যম হিসেবে প্রতিষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্ট সব পক্ষের সমন্বয়ের মাধ্যমে প্রকল্প বাস্তবায়নের গতি আরও বাড়ানো হবে।' সভায় প্রধানমন্ত্রীর মুখ্যসচিব এ বি এম আবদুস সাত্তার বলেন, 'অগ্রাধিকারপ্রাপ্ত এসব প্রকল্প বাস্তবায়নে বাংলাদেশ সরকার পূর্ণ সমর্থন দিচ্ছে। যোগাযোগব্যবস্থার উন্নয়ন, কর্মসংস্থান সৃষ্টি, আঞ্চলিক প্রতিযোগিতা সক্ষমতা বৃদ্ধি এবং দীর্ঘমেয়াদি অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনে বাংলাদেশ ও জাপান যৌথভাবে কাজ করে যাবে।'

দুই যুগ ধরে বেহাল সড়ক

রোববার (২ আগস্ট) সকাল ১১টার দিকে উপজেলার ৫ নম্বর কদমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয় ও তারাবুনিয়া ওয়াহেদিয়া দাখিল মাদরাসার সামনে এ মানববন্ধন অনুষ্ঠিত হয়। এতে স্থানীয় বাসিন্দা, জনপ্রতিনিধি, শিক্ষক, অভিভাবক ও বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। মানববন্ধনে বক্তারা বলেন, স্থানীয় সরকার প্রকৌশল অধিদফতরের (এলজিইডি) আওতাধীন সড়কটির মাত্র এক কিলোমিটার অংশে ২০০২ সালে ইটের সলিং করা হয়েছিল। বাকি প্রায় দুই কিলোমিটার এখনো কাঁচা থাকায় সামান্য বৃষ্টিতেই কাদার সৃষ্টি হয় এবং চলাচল ব্যাহত হয়। বছরের অধিকাংশ সময়ই সড়কটি ব্যবহার অনুপযোগী হয়ে পড়ে। বক্তারা জানান, সড়কটিতে তিনটি সাঁকো ও আটটি কালভার্ট রয়েছে। এর মধ্যে তিনটি কালভার্ট অত্যন্ত ঝুঁকিপূর্ণ অবস্থায় রয়েছে। দ্রুত সংস্কার না হলে যেকোনো সময় দুর্ঘটনা ঘটতে পারে বলে তারা আশঙ্কা প্রকাশ করেন। তাদের ভাষ্য, সড়কটির ওপর নির্ভরশীল ৫ নম্বর কদমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়, তারাবুনিয়া ওয়াহেদিয়া দাখিল মাদরাসা, ৮০ নম্বর দক্ষিণ তারাবুনিয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়সহ একাধিক শিক্ষাপ্রতিষ্ঠান এবং বিভিন্ন ধর্মীয় ও সামাজিক প্রতিষ্ঠান। প্রতিদিন প্রায় ১৫ থেকে ২০ হাজার মানুষ এ সড়ক ব্যবহার করেন। পাশাপাশি সীমান্তবর্তী কাউখালী উপজেলার কয়েক হাজার মানুষ রাজাপুর ও ভান্ডারিয়া উপজেলায় যাতায়াতের জন্যও এ পথ ব্যবহার করেন। বক্তারা অভিযোগ করেন, বেহাল সড়কের কারণে শিক্ষার্থীদের বিদ্যালয়ে যাতায়াতে চরম দুর্ভোগ পোহাতে হচ্ছে। রোগীদের হাসপাতালে নেওয়া কঠিন হয়ে পড়ছে। কৃষকদের কৃষিপণ্য বাজারজাত করতেও অতিরিক্ত সময় ও ব্যয় হচ্ছে। বর্ষা মৌসুমে অনেক সময় সড়কটিতে যান চলাচল পুরোপুরি বন্ধ হয়ে যায়। মানববন্ধনে বক্তব্য দেন সাতুরিয়া ইউনিয়ন পরিষদের সদস্য হুমায়ুন কাজী, সাবেক ইউপি সদস্য মোস্তাফিজুর রহমান বাচ্চু, বিএনপির সাবেক ৭ নম্বর ওয়ার্ড সভাপতি নুরুল ইসলাম, তারাবুনিয়া ওয়াহেদিয়া দাখিল মাদরাসার সুপার আতিকুর রহমান, কদমতলা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মিল্লাদ হোসেন এবং সমাজসেবক আব্দুল কুদ্দুস। বক্তারা দ্রুত সড়কটি পাকাকরণ, ঝুঁকিপূর্ণ কালভার্ট পুনর্নির্মাণ এবং প্রয়োজনীয় অবকাঠামোগত উন্নয়নকাজ শুরুর দাবি জানান। অন্যথায় আরও কঠোর কর্মসূচির হুঁশিয়ারিও দেন তারা।

তীব্র আবাসন সংকটে সরকারি

বিভিন্ন উপজেলা ছাড়াও ভোলা, পটুয়াখালী, ঝালকাঠি, পিরোজপুর ও বরগুনাসহ বিভিন্ন জেলা থেকে প্রতিদিন শত শত শিক্ষার্থী কলেজে আসেন। নিরাপদ আবাসনের অভাবে অনেককে প্রতিদিন দীর্ঘ পথ পাড়ি দিতে হয়। এতে সময় ও অর্থের অপচয়ের পাশাপাশি পড়াশোনায়ও নেতিবাচক প্রভাব পড়ছে। সবচেয়ে বেশি সংকটে রয়েছেন নারী শিক্ষার্থীরা। কলেজে কোনো ছাত্রীনিবাস না থাকায় অনেকেই ব্যয়বহুল মেস বা ভাড়া বাসায় থাকতে বাধ্য হন। আবার অনেকেই নিরাপত্তার অভাবে প্রতিদিন দীর্ঘ পথ পাড়ি দিয়ে কলেজে যাতায়াত করেন। এতে তাঁদের শারীরিক ক্লান্তি, আর্থিক চাপ এবং নিরাপত্তাজনিত ঝুঁকি বেড়ে যাচ্ছে। অন্যদিকে কলেজের একমাত্র শহীদ আলমগীর ছাত্রাবাসও বর্তমান শিক্ষার্থী সংখ্যার তুলনায় অত্যন্ত অপ্রতুল। ফলে অধিকাংশ শিক্ষার্থী আবাসিক সুবিধা থেকে বঞ্চিত হচ্ছেন। শিক্ষার্থীদের অভিযোগ, দীর্ঘদিন ধরে আবাসন সংকটের বিষয়টি বিভিন্ন সময়ে উত্থাপিত হলেও এখন পর্যন্ত দৃশ্যমান কোনো অগ্রগতি দেখা যায়নি। তাঁদের মতে, কলেজের বিভিন্ন অবকাঠামোগত উন্নয়ন হলেও শিক্ষার্থীদের অন্যতম মৌলিক চাহিদাড়নিরাপদ আবাসনের বিষয়টি এখনো যথাযথ গুরুত্ব পায়নি। ১৯৬৬ সালে প্রতিষ্ঠিত একটি ঐতিহ্যবাহী কলেজে আজও ছাত্রীনিবাস না থাকা এবং মাত্র একটি ছাত্রাবাসের মধ্যে সীমাবদ্ধ থাকা শিক্ষার্থীদের মধ্যে হতাশার জন্ম দিয়েছে। শিক্ষার্থীদের পক্ষ থেকে ফজলে রাব্বি বলেন, সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ দক্ষিণাঞ্চলের অন্যতম বৃহৎ ও ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠান। কিন্তু অত্যন্ত দুঃখজনক হলেও সত্য, প্রায় ১২ হাজার শিক্ষার্থীর জন্য মাত্র একটি ছাত্রাবাস এবং কোনো ছাত্রীনিবাস নেই। দীর্ঘদিন ধরে শিক্ষার্থীরা এই দাবির কথা জানিয়ে আসলেও দৃশ্যমান কোনো অগ্রগতি নেই। আবাসন সংকটের কারণে অনেক মেধাবী শিক্ষার্থী নিয়মিত ক্লাস করতে পারেন না, আবার অনেকেই অতিরিক্ত আর্থিক চাপ ও নিরাপত্তাহীনতার মধ্যে পড়াশোনা চালিয়ে যাচ্ছেন। বিশেষ করে নারী শিক্ষার্থীদের জন্য একটি আধুনিক ছাত্রীনিবাস এখন সময়ের অপরিহার্য দাবি। আমরা আশা করি, কলেজ প্রশাসন বিষয়টিকে সর্বোচ্চ গুরুত্ব দিয়ে শিক্ষা মন্ত্রণালয় এবং সংশ্লিষ্ট কর্তৃপক্ষের কাছে জোরালোভাবে উপস্থাপন করবে। একই সঙ্গে শিক্ষা মন্ত্রণালয় দ্রুত একটি আধুনিক ছাত্রীনিবাস ও নতুন ছাত্রাবাস নির্মাণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করবে। শিক্ষার্থীদের মৌলিক এই অধিকার আর উপেক্ষিত থাকা উচিত নয়।" অভিভাবক ও সচেতন মহলের মতে, উচ্চশিক্ষার মানোন্নয়নের জন্য নিরাপদ আবাসন নিশ্চিত করা অপরিহার্য। বিশেষ করে নারী শিক্ষার্থীদের জন্য ছাত্রীনিবাস না থাকা বর্তমান সময়ে একটি বড় সীমাবদ্ধতা। শিক্ষাসংশ্লিষ্টদের মতে, শিক্ষার্থীর সংখ্যা বাড়লেও সেই অনুপাতে আবাসন অবকাঠামোর উন্নয়ন হয়নি। ফলে প্রতিবছর হাজারো শিক্ষার্থী ভোগান্তির শিকার হচ্ছেন। তাঁদের মতে, কলেজ প্রশাসনের আরও সক্রিয় উদ্যোগ, শিক্ষা মন্ত্রণালয়ের কার্যকর সহযোগিতা এবং দ্রুত উন্নয়ন প্রকল্প গ্রহণের মাধ্যমে দীর্ঘদিনের এ সংকটের সমাধান সম্ভব। প্রায় ছয় দশকের পুরোনো এই কলেজের ১২ হাজার শিক্ষার্থীর একটাই প্রশ্নড়আর কতদিন একটি ছাত্রাবাস আর শূন্য ছাত্রীনিবাস নিয়েই চলতে হবে? এখন শিক্ষার্থীদের প্রত্যাশা, কলেজ প্রশাসন দৃশ্যমান ও কার্যকর উদ্যোগ গ্রহণ করবে এবং শিক্ষা মন্ত্রণালয় দ্রুত একটি আধুনিক ছাত্রীনিবাস ও নতুন ছাত্রাবাস নির্মাণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ নেবে। একটি ঐতিহ্যবাহী শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা যেন ন্যূনতম আবাসন সুবিধা থেকে আর বঞ্চিত না হনড়এটাই এখন সময়ের দাবি।

কোরআনের আয়াত উল্লেখ করে

আচরণ ইসলামের নীতির সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কি না, তা মূল্যায়ন করা উচিত। খবর আইআরএনএর। আরবি ভাষায় সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক পোস্টে বাঘায়ি বলেন, ইরান একটি প্রাচীন ও সমৃদ্ধ সভ্যতার দেশ। ইসলাম গ্রহণের পর দেশটি ফিকহ, দর্শন, চিকিৎসাবিজ্ঞান, গণিত ও সাহিত্যসহ নানা ক্ষেত্রে ইসলামী সভ্যতার বিকাশে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। তিনি কোরআনের উদ্ধৃতি দিয়ে বলেন, ইসলামের দৃষ্টিতে মর্যাদার ভিত্তি আরবি ভাষা বা ভৌগোলিক অবস্থান নয়; বরং তাকওয়া। এ প্রসঙ্গে তিনি সূরা হুজুরাতের ১৩ নম্বর আয়াত উল্লেখ করেন। বাঘায়ি বলেন, কেবল আরব বা আরবি ভাষাভাষী হওয়ার কারণে কোনো শাসক নিজেকে মহানবী (সা.)-এর মিশনের প্রতিনিধি দাবি করতে পারেন না। এমন দাবি ইসলামের নীতি ও শিক্ষার প্রতি বাস্তব আনুগত্যের বিকল্প হতে পারে না। কারণ পবিত্র কোরআনে বর্ণিত রয়েছে, 'হে মানুষ! আমি তোমাদেরকে সৃষ্টি করেছি এক পুরুষ ও এক নারী হতে, পরে তোমাদেরকে বিভক্ত করেছি বিভিন্ন জাতি ও গোত্রে, যাতে তোমরা একে অপরের সাথে পরিচিত হতে পারো। তোমাদের মধ্যে ঐ ব্যক্তিই আল্লাহর নিকট অধিক মর্যাদাবান, যে অধিক আল্লাহ-ভীরু। আল্লাহ সবকিছু জানেন, সবকিছুর খবর রাখেন।' তিনি আরও বলেন, রাজনৈতিক মতপার্থক্য থাকা সত্ত্বেও ইরান সবসময় সুপ্রতিবেশীসুলভ সম্পর্ক ও মুসলিম ভ্রাতৃত্বের ওপর গুরুত্ব দিয়েছে। এমনকি ইরানের ভূখণ্ড থেকে পৃথক হয়ে গঠিত নতুন সরকারের সঙ্গেও একই নীতি অনুসরণ করা হয়েছে। কোরআনের আয়াত ও মহানবি (সা.)-এর বাণী উদ্ধৃত করে বাঘায়ি বলেন, মুসলমানদের কখনো জালিমের পক্ষ নেওয়া বা তাদের সঙ্গে সহযোগিতা করা উচিত নয়। তার প্রশ্ন, একটি মুসলিম দেশের ওপর হামলা চালানো শক্তির সঙ্গে সহযোগিতা করা কিংবা মুসলমানদের শত্রুদের আশ্রয় ও সহায়তা দেওয়া এসব কি ইসলামের ন্যায়বিচার, সুপ্রতিবেশীসুলভ সম্পর্ক ও মুসলিম ঐক্যের শিক্ষার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ? তিনি বলেন, এসব প্রশ্নের উত্তর পবিত্র কোরআনে স্পষ্টভাবে দেওয়া আছে। মহানবীর (সা.) সুন্নাহ এবং মুসলিম উম্মাহর বিবেকও সেই উত্তরই সমর্থন করে। সম্প্রতি বাহরাইনের শাসক হামাদ বিন ঈসা আল খলিফা ইরানকে বাহরাইনে অবস্থিত মার্কিন ঘাঁটিতে হামলা বন্ধের আহ্বান জানিয়ে মহানবী (সা.)-এর শিক্ষার প্রসঙ্গ তোলেন। তিনি দাবি করেন, মহানবী (সা.) ইরানকে শতাব্দীর অন্ধকার থেকে মুক্ত করে আধ্যাত্মিক, মানবিক ও বুদ্ধিবৃত্তিক আলোর পথ দেখিয়েছিলেন। সেই কৃতজ্ঞতার খাতিরে তেহরানের উচিত বাহরাইনে হামলা না করা। উল্লেখ্য, জুলাইয়ের শুরু থেকে ইসলামাবাদ সমঝোতা স্মারকের শর্ত লঙ্ঘনের অভিযোগ তুলে যুক্তরাষ্ট্র দক্ষিণ ইরানের বিভিন্ন অঞ্চলে হামলা চালিয়ে আসছে। এর জবাবে ইরান ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার মাধ্যমে বাহরাইনসহ অঞ্চলে যুক্তরাষ্ট্র পরিচালিত সামরিক স্থাপনাগুলোকে লক্ষ্যবস্তু করছে।

১০ দিনেই নষ্ট সড়কের ১৩

ধরনের যানবাহন চলাচল করে। এর মধ্যে রয়েছে দূরপাল্লার বাস, লোকাল বাস, ট্রাক, মিনি ট্রাক, মাইক্রোবাস ও ব্যক্তিগত গাড়ি। পাশাপাশি বিপুলসংখ্যক মাহেন্দ্র, ট্রলি, সিএনজিচালিত অটোরিকশা ও ব্যাটারিচালিত অটোরিকশাও চলাচল করে। অতিরিক্ত যানবাহনের চাপ ও দীর্ঘদিনের রক্ষণাবেক্ষণের অভাবে সড়কের বিভিন্ন অংশ ক্ষতিগ্রস্ত হয়েছে বলে সংশ্লিষ্টরা জানান। চলতি বছরের জুনের শুরুতে পটুয়াখালী বাসস্ট্যান্ড থেকে মহিষকাটা স্ট্যান্ড পর্যন্ত প্রায় ১৯ কিলোমিটার অংশ সংস্কারের উদ্যোগ নেয় পটুয়াখালী সড়ক ও জনপথ বিভাগ। এ কাজে ব্যয় ধরা হয় ১৩ কোটি টাকা। গত ৩০ জুন সংস্কারকাজ শেষ হয়। তবে অল্প সময়ের মধ্যেই সড়কের বিভিন্ন স্থানে পিচ উঠে গিয়ে খানাখন্দ তৈরি হয়। এ নিয়ে গণমাধ্যমে প্রতিবেদন প্রকাশের পর সড়ক ও জনপথ বিভাগ আবারও সংস্কারের কাজ শুরু করে। কিন্তু সেই সংস্কারের ১০ দিনের মধ্যেই সড়কের বিভিন্ন অংশে ফের গর্ত দেখা দিয়েছে বলে স্থানীয়দের অভিযোগ। সরেজমিনে দেখা যায়, শাখারিয়া থেকে মহিষকাটা পর্যন্ত প্রায় পাঁচ কিলোমিটার অংশের বিভিন্ন স্থানে খানাখন্দ তৈরি হয়েছে। কোথাও কোথাও পিচ উঠে গিয়ে ইটের খোয়া বের হয়ে এসেছে। এ সময় বৃষ্টির মধ্যেই সড়কের ওই অংশে সংস্কারের কাজ করতে দেখা যায় সওজের লোকজনকে। স্থানীয় মিথুন কর্মকার বলেন, নিম্নমানের নির্মাণসামগ্রী ব্যবহার এবং দায়সারাভাবে কাজ করায় অল্প সময়ের মধ্যেই সড়কের এমন অবস্থা হয়েছে। তিনি কাজের মান যাচাই করে দায়ীদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়ার দাবি জানান। যাত্রী নাজমুল আহসান ও রাশেমুল হাওলাদার বলেন, কয়েক দিন আগেও তাঁরা সড়ক সংস্কারের কাজ হতে দেখেছেন। কিন্তু এখন আবার একই সড়কে খানাখন্দ তৈরি হয়েছে। তাঁদের প্রশ্ন, একটি সংস্কার কাজ ১০ দিনের মধ্যেই কেন নষ্ট হয়ে যাবে? নাম প্রকাশে অনিচ্ছুক কয়েকজন শ্রমিক জানান, তাঁরা ঊর্ধ্বতনদের নির্দেশনা অনুযায়ী কাজ করছেন। কাজের বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার ক্ষমতা তাঁদের নেই। পটুয়াখালী সড়ক ও জনপথ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী মোহাম্মদ মনিরুল ইসলাম বৃষ্টির মধ্যে সংস্কারকাজ করার বিষয়টি স্বীকার করেছেন। তিনি বলেন, ছোট অবস্থায় খানাখন্দ মেরামত না করলে পরে তা বড় আকার ধারণ করে। তাই বৃষ্টি উপেক্ষা করেও কাজ করতে হচ্ছে। বৃষ্টির মধ্যে করা সংস্কারকাজ কতটা টেকসই হবে এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, 'কিছু করার নেই, এটি সরকারের চলমান প্রক্রিয়ার অংশ।'

ইরান যুদ্ধে কৌশলগত পরাজয়ের

ওয়াশিংটন। যুক্তরাষ্ট্র সামরিক শক্তিতে এগিয়ে থাকলেও ইরানের আচরণ বা নীতিতে দীর্ঘস্থায়ী পরিবর্তন আনতে পারেনি। তাই যুক্তরাষ্ট্রের মিত্রদের কাছে দেশটির এমন অবস্থা কৌশলগত পরাজয়ের ইঙ্গিত দিচ্ছে। সাবেক কূটনীতিক, নিরাপত্তা বিশ্লেষক ও আঞ্চলিক বিশেষজ্ঞদের উদ্ধৃত করে শুক্রবার মার্কিন সংবাদপত্র দ্য নিউইয়র্ক টাইমসের একটি বিশ্লেষণধর্মী প্রতিবেদনে এসব দাবি করা হয়েছে। বিশ্লেষণে বলা হয়েছে, নেতৃত্ব ধরে রাখতে বৈশ্বিক পরিসরে সামরিক অভিযান পরিচালনার জন্য গুরুত্বপূর্ণ অস্ত্র ও গোলাবারুদের ঘাটতির মুখে পড়ছে মার্কিন সামরিক বাহিনী। এটি রাশিয়া ও চীনের মতো প্রতিদ্বন্দ্বীদের কাছে যুক্তরাষ্ট্রের দুর্বলতার ইঙ্গিত হিসেবে দেখা হতে পারে। প্রতিবেদনে বলা হয়েছে, যুদ্ধটি যুক্তরাষ্ট্রের সামরিক শক্তির সীমাবদ্ধতা তুলে ধরেছে এবং একই সঙ্গে মিত্র দেশগুলোর মধ্যে ওয়াশিংটনের বিশ্বাসযোগ্যতা নিয়ে প্রশ্ন তৈরি করেছে। সামরিক চাপ সত্ত্বেও ইরান এখনও আঞ্চলিকভাবে গুরুত্বপূর্ণ অবস্থান ধরে রেখেছে এবং হরমুজ প্রণালিকে কৌশলগত অস্ত্র হিসেবে ব্যবহার করার সক্ষমতা বজায় রেখেছে। সংবাদমাধ্যমটির বিশ্লেষণে হরমুজ প্রণালিকে ইরানের অন্যতম প্রধান কৌশলগত হাতিয়ার হিসেবে উল্লেখ করা হয়েছে। প্রণালিটি ঘিরে ইরান ও ওমানের মধ্যে আলোচনা বর্তমান সংঘাতের একটি গুরুত্বপূর্ণ কূটনৈতিক ইস্যুতে পরিণত হয়েছে। এক্ষেত্রে হরমুজ নিয়ন্ত্রণে তৃতীয় কোনো পক্ষ থাকার বিষয়ে পুরোপুরি দ্বিমত করেছে ইরান। তাই ভবিষ্যৎ আলোচনায় ইরান এই প্রণালিকে গুরুত্বপূর্ণ দর-কষাকষির উপাদান হিসেবে ব্যবহার করতে পারে বলে মত দিয়েছেন বিশ্লেষকরা। এতে দাবি করা হয়, বর্তমানে ইরান তুলনামূলকভাবে আরও কঠোর অবস্থান গ্রহণকারী একটি সরকারের অধীনে আগের তুলনায় দৃঢ়? অবস্থানে রয়েছে। দেশটির পারমাণবিক ও ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র কর্মসূচি ক্ষতিগ্রস্ত হলেও পুরোপুরি ধ্বংস হয়নি। একই সঙ্গে হরমুজ প্রণালির ওপর ইরান কার্যকর প্রভাব বজায় রেখেছে। এই যুদ্ধের ফলে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল-উভয়ই তুলনামূলকভাবে দুর্বল অবস্থানে পড়েছে এবং উদ্ভূত পরিস্থিতির জন্য একে অপরকে দায়ী করছে। বিশ্লেষকদের মতে, যুক্তরাষ্ট্র বৈশ্বিক অস্থিতিশীলতার জন্য একটি উপাদানে পরিণত হয়েছে বলে বিশ্বব্যাপী একটি ধারণা জোরালোভাবে প্রতিষ্ঠা পাচ্ছে। প্রতিবেদনে আরও বলা হয়েছে, যুদ্ধের প্রভাবে যুক্তরাষ্ট্রের কয়েকটি মিত্র দেশের মধ্যে ওয়াশিংটনের নীতিগত ধারাবাহিকতা নিয়ে উদ্বেগ তৈরি হয়েছে। ফলে মধ্যপ্রাচ্যের কিছু দেশ বিকল্প কূটনৈতিক সম্পর্ক জোরদারের চেষ্টা করছে। কিছু মধ্যপ্রাচ্যের মিত্র দেশ মনে করছে যে চলমান যুদ্ধ তাদের নিজস্ব নিরাপত্তাকেও প্রভাবিত করছে। তবে, তারা যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্পর্ক বজায় রাখলেও, একই সময়ে ইরান, ইউরোপ, চীন ও রাশিয়ার সঙ্গে সম্পর্ক আরও জোরদারের চেষ্টা করছে বলে নিবন্ধে মন্তব্য করেছেন ইন্টারন্যাশনাল ক্রাইসিস গ্রুপের ইরান প্রকল্পের পরিচালক আলি ভায়েজ। নিরাপত্তা বিশ্লেষকদের উদ্ধৃতি দিয়ে প্রতিবেদনে বলা হয়েছে, দীর্ঘায়িত যুদ্ধের কারণে যুক্তরাষ্ট্র ও ইসরায়েলের মধ্যেও কৌশলগত মতপার্থক্য বেড়েছে। এছাড়া ইরানের নেতৃত্ব যুক্তরাষ্ট্রের সঙ্গে সম্ভাব্য ভবিষ্যৎ সমঝোতার স্থায়িত্ব নিয়েও সন্দেহ রয়েছে বলে প্রতিবেদনে উল্লেখ করা হয়েছে।

মরিচের কেজি ৩৫০ টাকা, মাছ-মুরগি-

সদর কাঁচাবাজার ঘুরে দেখা যায়, সবচেয়ে বেশি বেড়েছে কাঁচা মরিচের দাম। দুই সপ্তাহ আগে প্রতি কেজি মরিচ ৮০-১০০ টাকায় বিক্রি হলেও গত সপ্তাহে তা ১৮০-২০০ টাকায় ওঠে। বর্তমানে একই মরিচ বিক্রি হচ্ছে ৩২০-৩৫০ টাকা কেজি দরে। পাশাপাশি বেগুন, কাকরোল, করলাসহ বিভিন্ন সবজির দাম কেজি প্রতি ২০-৫০ টাকা পর্যন্ত বৃদ্ধি পেয়েছে। বর্তমানে বাজারে প্রতি কেজি বেগুন ৮০-১০০ টাকা, করলা ৭০-৯০ টাকা, পটোল ৫০-৭০ টাকা, ঢ্যাঁড়স ৬০-৮০ টাকা, চিচিঙ্গা ৮০-১০০ টাকা এবং কাকরোল ৮০-৯০ টাকায় বিক্রি হচ্ছে। কয়েক দিনের ব্যবধানে অধিকাংশ সবজির দাম কেজিপ্রতি ২০-৪০ টাকা বেড়েছে। মাছের বাজারেও উর্ধ্বমুখী দামের প্রভাব স্পষ্ট। বড় ইলিশ বিক্রি হচ্ছে প্রতি কেজি ২২০০-৩০০০ টাকা এবং ছোট ইলিশ ১২০০-১৮০০ টাকায়। চিংড়ি ৮০০-১২০০ টাকা এবং সাগরের বিভিন্ন প্রজাতির মাছ ৬০০-১২০০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। পাশাপাশি চাষের মাছের দামও বেড়েছে। পাঙাশ ২৫০-৩২০ টাকা, তেলাপিয়া ২৮০-৩৫০ টাকা এবং রুই ৩৮০-৪৫০ টাকা কেজি দরে বিক্রি হচ্ছে। দেশীয় মাছের সরবরাহ কম থাকায় সেগুলোর দামও ৮০০-১২০০ টাকা কেজিতে পৌঁছেছে। ডিমের বাজারেও উর্ধ্বগতি অব্যাহত রয়েছে। বর্তমানে প্রতি হালি লাল ডিম ৫০ টাকা, সাদা ডিম ৪৮ টাকা, দেশি মুরগির ডিম ৭০ টাকা এবং হাঁসের ডিম ৭০ টাকায় বিক্রি হচ্ছে। ক্রেতাদের অভিযোগ, অতিবৃষ্টি ও বন্যার অজুহাতে ব্যবসায়ীরা সব ধরনের পণ্যের দাম বাড়িয়েছেন। ফলে নিত্যপ্রয়োজনীয় বাজার নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়ায় চরম ভোগান্তিতে পড়ছেন তারা। এদিকে মৎস্য ব্যবসায়ীরা জানান, সাগরে অনিয়ন্ত্রিত ট্রলিং এবং নদী-জলাশয়ে অবৈধ চায়না দুয়ারি জাল ব্যবহারের কারণে মাছের প্রজনন ও বংশবৃদ্ধি ব্যাহত হচ্ছে। এর প্রভাব পড়ছে বাজারে। সাগর ও দেশীয় মাছের সরবরাহ কমে যাওয়ায় এসব মাছের দাম তুলনামূলক বেশি রয়েছে বলে জানান তারা। পিরোজপুর পৌর কাঁচাবাজারে সবজি কিনতে আসা নজরুল ইসলাম বলেন, আমাদের মতো সাধারণ মানুষের এত দাম দিয়ে সবজি কেনা সম্ভব না। কাঁচা মরিচের কেজি ৩৫০ টাকা। প্রায় সব সবজির দাম ৮০-১০০ টাকার ওপরে। সরকারের আমাদের মতো মানুষের কথাও ভাবা উচিত। মাছ কিনতে আসা এম এ মুন্না বলেন, এখন ইলিশের মৌসুম, অথচ বাজারে তেমন ইলিশ মাছ দেখা যাচ্ছে না। যা আছে, তার দাম সাধারণ মানুষের নাগালের বাইরে। আমাদের মতো সাধারণ মানুষের ৩ হাজার টাকা দিয়ে ইলিশ কেনা সম্ভব নয়। পৌর মাছ বাজারের ব্যবসায়ী লুৎফর রহমান বলেন, পাইকারি বাজারেই মাছের দাম অনেক বেশি। বড় ইলিশ ২২০০-২৮০০ টাকা কেজি দরে কিনতে হচ্ছে। বাজারে মাছের সরবরাহ কম থাকায় খুচরা দামও বেশি। এছাড়া পোয়া ৫০০ টাকা, রূপচাঁদা ১২০০ টাকা এবং তপস্বী মাছ ৮০০-১০০০ টাকা কেজি দরে পাইকারি কিনতে হচ্ছে। আমরা যেমন বেশি দামে কিনতেছি আবার এরকম করেই বিক্রি করছি। সবজি ব্যবসায়ী সুমন খান (৩৩) বলেন, ভারী বৃষ্টি ও বন্যায় অনেক এলাকার সবজিখেত পানিতে তলিয়ে যাওয়ায় উৎপাদন কমেছে। এ কারণে বাজারে সরবরাহ কম এবং দাম বেড়েছে। বিশেষ করে কাঁচা মরিচের দাম সবচেয়ে বেশি। এতে আমাদের কেনাবেচাও অনেক কমে গেছে। ডিম ব্যবসায়ী আরিফ খান বলেন, পশুখাদ্যের দাম বেড়ে যাওয়ায় সব ধরনের ডিমের দাম প্রতি হালিতে ৫-১০ টাকা বেড়েছে। ফলে আগের তুলনায় ক্রেতাও কমে গেছে। বর্তমানে প্রতি হালি হাঁসের ডিম ৭০ টাকা, লাল ডিম ৫০ টাকা এবং দেশি মুরগির ডিম ৭০ টাকায় বিক্রি হচ্ছে। জেলা মৎস্য কর্মকর্তা সঞ্জীব সন্নামত বলেন, ইলিশ ডিম ছাড়তে সাগর থেকে নদীতে আসে। তবে নদ-নদীতে ডুবোচর তৈরি হওয়ায় মাছের চলাচলে বাধা সৃষ্টি হচ্ছে। এছাড়া যে পরিমাণ ইলিশ মাছ জেলেদের জালে ধরা পড়ে সেগুলো দেশের বিভিন্ন অঞ্চলে চলে যায়। এ কারণেই জেলার স্থানীয় বাজারগুলোতে ইলিশের উপস্থিতি কম দেখা যাচ্ছে। চায়না দুয়ারী জালের কারণে দেশীয় মাছের প্রজনন ধ্বংস হচ্ছে। জেলা এবং উপজেলা মৎস্য অফিস গুলো নিয়মিত অভিযান পরিচালনা করে এসব অবৈধ জাল ধ্বংস করার চেষ্টা চলছে এবং দেশীয় মাছের প্রজনন বৃদ্ধিতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

বানারীপাড়ায় অস্ত্র মামলায় ১৭ বছরের

ফায়জুল হক উপজেলার বাইশারী ইউনিয়নের পশ্চিম বাইশারী গ্রামের বাসিন্দা। তিনি মৃত জব্বার সরকার ওরফে জব্বার সরদারের সন্তান।সকল প্রক্রিয়া শেষে আসামী ফায়জুল হক'কে কারাগারে প্রেরন করা হয়েছে।আসামি ফায়জুল সরদার সাজাপ্রাপ্ত হওয়ার পরে পুলিশের কাছে আত্মসমর্পণ না করে পালিয়ে বেড়াচ্ছিলেন।জানা গেছে ফাইজুল নিজ এলাকাসহ বিভিন্ন এলাকায় সন্ত্রাসী বসবাস কার্যক্রম করে বেড়াতো।

মহিষের খোঁয়াড়ে পরিণত গ্রামীণ সড়ক

একই স্থানে দীর্ঘ সময় মহিষ অবস্থান করায় মল-মূত্র ও বৃষ্টির পানিতে রাস্তা কর্দমাক্ত হয়ে পড়ছে। কোথাও কোথাও বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। ফলে হেঁটে চলাচল যেমন কষ্টকর, তেমনি মোটরসাইকেল, ভ্যান ও কৃষিপণ্যবাহী যান চলাচলও ঝুঁকিপূর্ণ হয়ে উঠেছে। চাওড়া ইউনিয়নের বাসিন্দা মোহাম্মদ জুয়েল বলেন, 'চাওড়া ইউনিয়নের ১ নম্বর ওয়ার্ডের গুরুত্বপূর্ণ এই সড়কে বছরের পর বছর মহিষ বেঁধে রাখা হচ্ছে। বৃষ্টি হলেই রাস্তা কাদার সাগরে পরিণত হয়। স্কুলগামী শিক্ষার্থী, রোগী ও কৃষকদের প্রতিদিন চরম দুর্ভোগ পোহাতে হয়। অনেকবার বলেও কোনো স্থায়ী সমাধান হয়নি।' হলদিয়া ইউনিয়নের বাসিন্দা রুবিনা বেগম বলেন, 'রাস্তার ওপর মহিষের মল-মূত্র জমে থাকে। সামান্য বৃষ্টি হলেই রাস্তা পিচ্ছিল হয়ে যায়। নারী, শিশু ও বয়স্করা প্রায়ই পড়ে গিয়ে আহত হন।' আঠারোগাছিয়ার কৃষক মো. সোহেল বলেন, 'জনগণের চলাচলের জন্য নির্মিত সড়ক ব্যক্তিগত কাজে ব্যবহার করা হচ্ছে। এতে সরকারি অর্থে নির্মিত অবকাঠামো দ্রুত নষ্ট হচ্ছে, আর ভোগান্তি পোহাতে হচ্ছে সাধারণ মানুষকে।' তালতলী উপজেলার একাধিক বাসিন্দা জানান, বিষয়টি নিয়ে বারবার অভিযোগ জানানো হলেও এতদিন দৃশ্যমান কোনো উদ্যোগ দেখা যায়নি। ফলে স্থানীয়দের মধ্যে ক্ষোভ বাড়ছে। স্থানীয় সচেতন মহলের মতে, সরকারি রাস্তা ব্যক্তিগতভাবে দখল করে গবাদিপশু বেঁধে রাখা শুধু জনদুর্ভোগই সৃষ্টি করছে না, বরং সরকারি সম্পদেরও ক্ষতি করছে। তারা অবিলম্বে সড়ক দখলমুক্ত করা, নিয়মিত তদারকি এবং প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণের দাবি জানান। এ বিষয়ে স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের (এলজিইডি) জ্যেষ্ঠ সহকারী প্রকৌশলী শ্যামল কুমার গাইন বলেন, 'বিষয়টি অত্যন্ত দুঃখজনক। অভিযোগের সত্যতা পাওয়া গেলে সংশ্লিষ্ট প্রশাসনের সঙ্গে সমন্বয় করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হবে।' আমতলী উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মুহাম্মাদ জাফর আরিফ চৌধুরী বলেন, 'বিষয়টি জানার পর সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ এবং গ্রাম পুলিশ (চৌকিদারদের) প্রয়োজনীয় ব্যবস্থা নিতে নির্দেশ দেওয়া হয়েছে। দ্রুত রাস্তা পরিষ্কার করে জনসাধারণের চলাচলের উপযোগী করার ব্যবস্থা নেওয়া হবে।' স্থানীয়দের প্রত্যাশা, প্রশাসনের এই নির্দেশনা দ্রুত বাস্তবায়ন হবে এবং সরকারি অর্থে নির্মিত গ্রামীণ সড়ক আর কোনোভাবেই ব্যক্তিগত খোঁয়াড়ে পরিণত হবে না। জনস্বার্থে এসব সড়ক দখলমুক্ত রেখে নিরাপদ ও নির্বিঘ্ন চলাচল নিশ্চিত করাই এখন সময়ের দাবি।

ভাণ্ডারিয়ার ইউএনওর তদারকিতে

থেকে মাহাজনের বাড়ি পর্যন্ত চরখালি কাটাখাল এবং ভারানীর খাল পুনঃখননের উদ্যোগ নেওয়া হয়। প্রকল্পের আওতায় ২ দশমিক ৩৫ কিলোমিটার খাল দৈর্ঘ এবং ৮মিটার প্রস্থ খাল পুনঃখননের জন্য এ প্রকল্পে ৭৭ লাখ ২৮হাজার টাকা বরাদ্দ দেওয়া হয়। চলতি বছরের ১৫এপ্রিল সরকারের গৃহায়ণ ও গণপূর্ত প্রতিমন্ত্রী আহম্মেদ সোহেল মনজুর খালটি পু:ন খনন কাজের উদ্বোধন করেন। উদ্বোধনের পর নির্ধারিত নকশা অনুযায়ী সংশ্লিষ্ট দপ্তর খাল পুনঃখননের কাজ করছেন কিনা তা জোর তদারকি করেন পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. হাসিবুল হাসান। নির্ধারিত সময়ের মধ্যে সুষ্ঠ এবং সুন্দর ভাবে কাজটি সম্পন্ন হওয়ায় স্থানীয় বাসিন্দারা কাজের প্রসংশা করেন। সম্প্রতি সরেজমিনে গেলে দেখা যায় খালটির পু:ন খনন কাজ সম্পন্ন হয়েছে। এসময় স্থানীয় বাসিন্দা একাধীক নারী-পুরুষের সাথে আলাপকালে তারা জানান,আমরা মনে করছিলাম কোন মতে দায়সারা কাজ করেই ঠিকাদার চলে যাবেন। কিন্তু কাজ শুরুর কয়েক দিন পরই দেখি ইউএনও সাহেব কখোনো সকালে আবার কখোনো দুপুরে কোন কোন দিন বিকালেও এসে কাজের খোঁজ খবর নেন। ইউএনও যাবার পর আসেন পিআইও। তখন আমরা ভাবলাম এবার কাজ ভালো হবে। আর তাই হলো। আলাপের এক পর্যায়ে তারা আরো জানান, সরকারি বরাদ্দ ও সম্পন্ন করার পাশাপাশি স্থানীয় মানুষের চলাচলের দুর্ভোগ লাঘবে এই কাটা খালের মাটি দিয়েই পাশে প্রায় ৭থেকে সারে ৭শ ফুট কাঁচা রাস্তা করা হয়। কাঁচা রাস্তাটি শুকানোর পর তার উপর ইট সলিং ও করে দেয়া হয়। খোঁজ খবর নিয়ে যানা জায়,এই খাল পু:ন খননের জন্য বরাদ্ধ ছিল ৭৭লাখ ২৮হাজার টাকা। কিন্তু খানের ডিজাইন,নকশা ,দৈর্ঘ,প্রস্থ্য এবং গভীরতাসহ কাজের গুনগত মান ঠিক রেখে পুরো কাজ সমাপ্ত এবং সাথে প্রায় সারে৭শ ফুট দৈর্ঘ-৬ফুট চওরা ইটসলিং রাস্তাসহ খরচ হয়েছে ৬৩লাখ ২৮হাজার টাকা। উদ্বৃত্ত ১৪লাখ টাকা রাষ্ট্রীয় কোষাগারে ফেরৎ দিয়েছেন ইউএনও মো. হাসিবুল হাসান বলে জানান উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা আল মামুন হোসেন। এ ব্যাপারে আলাপকালে পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মো. হাসিবুল হাসান বলেন, সরকারি বরাদ্দ ও নির্ধারিত নকশা অনুযায়ী ভারানীর খাল ও চরখালি কাটাখালের পুনঃখননকাজ সম্পন্ন করা হয়েছে। একই সঙ্গে স্থানীয় জনগণের চলাচলের সুবিধার কথা বিবেচনা করে খালের পাশে একটি ইট-সলিং রাস্তা নির্মাণ করা হয়েছে। সব কাজ শেষ করার পর অবশিষ্ট ১৪ লাখ টাকা সরকারি কোষাগারে জমা দেওয়া হয়েছে। তিনি আরো বলেন, প্রতিটি কাজের ক্ষেত্রে যদি জনজন,কর্মকর্তা,কর্মচারীসহ সংশ্লিষ্ট ব্যাক্তিরা আন্তরিক থাকে তা হলে একটি সুন্দর সমাজ,সুন্দর দেশ গঠন করা সম্ভব। তিনি বলেন, আমি(ইউএনও) চাইলেই অবশিষ্ট অর্থ অন্যভাবে ব্যয় করা যেত। কিন্তু রাষ্ট্রীয় অর্থের সঠিক ব্যবহার নিশ্চিত করাই মূল লক্ষ্য। জনগণের অর্থ জনগণের স্বার্থে এবং রাষ্ট্রের কল্যাণে ব্যবহার করতে হবে এটাই আমাদের মূল লক্ষ্য হওয়া উচিত।

বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশের ভারসাম্য

মোকাবিলায় বৃক্ষরোপণের বিকল্প নেই। তিনি বলেন, পরিবেশের ভারসাম্য ফিরিয়ে আনতে এবং প্রাকৃতিক দুর্যোগ থেকে দেশকে রক্ষা করতে দেশজুড়ে বৃক্ষরোপণ কর্মসূচি গ্রহণ করা হয়েছে। প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনায় এই কর্মসূচিকে সফল করতে সমাজের সর্বস্তরের মানুষকে এগিয়ে আসতে হবে। রহমাতুল্লাহ আরও বলেন, শিক্ষাপ্রতিষ্ঠানগুলো বৃক্ষরোপণের জন্য গুরুত্বপূর্ণ স্থান। শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ সচেতনতা তৈরি করা গেলে ভবিষ্যৎ প্রজন্ম পরিবেশ রক্ষায় আরও দায়িত্বশীল ভূমিকা পালন করবে। তাই প্রতিটি শিক্ষাপ্রতিষ্ঠান ও সামাজিক সংগঠনকে নিজ নিজ এলাকায় বৃক্ষরোপণ ও গাছের পরিচর্যায় এগিয়ে আসতে হবে। সাংবাদিক মো. ইমন খন্দকার হৃদয়ের আয়োজনে আরও উপস্থিত ছিলেন- অক্সফোর্ড মিশন হাই স্কুলের প্রধান শিক্ষক ফাদার জন (এসপিবি), বরিশাল মহানগর বিএনপির সদস্য মো. জাহিদুর রহমান রিপন, বাংলাদেশ গ্রীন ভলানটারী অর্গানাইজেশনের সভাপতি মো. আলমগীর হোসেন, নগর স্বেচ্ছাসেবক দলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক তারিক সুলাইমান, নগর স্বাধীনতা ফোরামের সদস্য সচিব নাজমুস সাকিব, নগর যুবদল নেতা মাসুম, জেলা ছাত্রদলের সিনিয়র যুগ্ম আহ্বায়ক আসিফ আল মামুন, সদ্য সাবেক সহ-সভাপতি ইলিয়াস আহমেদ, মহানগর ছাত্রদল নেতা হাজিক দাঈয়ান ইশতী, বিএম কলেজ ছাত্রদল নেতা আকবর মুবিন, ছাত্রদল নেত্রী অনন্যা কবির প্রমুখ।

জিপিএস ট্র্যাকারে শনাক্ত চোরাই অটোরিকশা

তাঁর দেওয়া তথ্যের ভিত্তিতে চুরির ঘটনায় জড়িত রাজ্জাক বেপারীকে গ্রেফতার করে পুলিশ। রাজ্জাক বেপারীর বাড়ি পিরোজপুরের মঠবাড়িয়া উপজেলার গিলাবাদ গ্রামে। পুলিশ সূত্রে জানা যায়, ১ আগস্ট ভোররাতে মঠবাড়িয়া উপজেলার জুনিয়া এলাকা থেকে মো. সজল নামে এক ব্যক্তির অটোরিকশা চুরি করেন রাজ্জাক বেপারী। পরে তিনি সেটি নেছারাবাদের গ্যারেজ মালিক নাসির সিকদারের কাছে বিক্রি করেন। অটোরিকশাটিতে জিপিএস ট্র্যাকার সংযুক্ত থাকায় মালিক ট্র্যাকিংয়ের মাধ্যমে এর অবস্থান নেছারাবাদের ওই গ্যারেজে শনাক্ত করেন। পরে তিনি ভান্ডারিয়া থানা পুলিশকে বিষয়টি জানালে পুলিশের সহযোগিতায় অভিযান চালিয়ে অটোরিকশাটি উদ্ধার করা হয় এবং নাসিরকে আটক করা হয়। পরবর্তী সময়ে তাঁর দেওয়া তথ্যের ভিত্তিতে রাজ্জাক বেপারীকেও গ্রেফতার করা হয়। স্থানীয় কয়েকজনের অভিযোগ, নাসির সিকদার দীর্ঘদিন ধরে গ্যারেজ ব্যবসার আড়ালে চোরাই অটোরিকশা কেনাবেচার সঙ্গে জড়িত। তাঁদের দাবি, গ্যারেজটিতে বিভিন্ন সময় ভালো মানের অটোরিকশা খুলে যন্ত্রাংশ পরিবর্তন করে পুনরায় জোড়া লাগিয়ে বিক্রি করা হতো। এ বিষয়ে নেছারাবাদ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মো. মেহেদী হাসান বলেন, নাসির সিকদারের কাছ থেকে চুরি হওয়া অটোরিকশা উদ্ধার করা হয়েছে। তাই ভান্ডারিয়া থানা পুলিশ অটোরিকশাসহ তাঁকে তাদের হেফাজতে নিয়ে গেছে। পরবর্তী আইনগত কার্যক্রম ভান্ডারিয়া থানা-পুলিশ পরিচালনা করছে।

ভয়াবহ হয়ে উঠেছে ঝালকাঠির

রয়েছে মসজিদ, মাদ্রাসা, বসতভিটা।পানি উন্নয়ন বোর্ড বলছে, নদী ভাঙন রোধে অগ্রাধিকার ভিত্তিতে কাজ চলমান হয়েছে। বর্ষা মৌসুম শুরুতেই ঝালকাঠির সুগন্ধা ও বিষখালী নদীর ভাঙন তীব্র আকার ধারন করেছে। সুগন্ধা নদীর ভয়াল ভাঙনে নলছিটি উপজেলার অন্তত ১০টি গ্রামের শত শত পরিবার বছরের পর বছর ধরে নিঃস্ব হয়েছে। নতুন করে ভাঙন আতঙ্কে নদীর তীরবর্তী মানুষ দিন পার করছেন।এছাড়া পোনাবালিয়া ইউনিয়নের দিয়াকুল, কিস্তাকাঠি, আতাকাঠি, দেউরী গ্রাম নদী গর্ভে বিলিন হয়ে যাচ্ছে। দীর্ঘ ৫০ বছর ধরে এই ভাঙনরোধে স্থায়ী কোনো পদক্ষেপ নেয়নি কর্তৃপক্ষ। প্রতি বছর পানি বন্যা আর সুগন্ধা ও বিষখালীর ভাঙনের কবলে হাজারো পরিবার জমিজমা ঘরবাড়ী হারিয়ে নিঃশ্ব হয়ে যাচ্ছে। ভিটেমাটি হারিয়ে গৃহহীন হয়ে অন্যের বাড়ি, ঝুপটি ঘরে ঠাই নিয়েছে অনেকে। নদী গ্রাস করে নিয়েছে ফসলি জমি,বাড়িঘর। এসব এলাকার মানুষ দফায় দফায় বসতভিটা সরিয়ে নিয়েও রক্ষা পাচ্ছেনা। বিশেষ করে বাঁধ না থাকায় যুগযুগ ধরে বন্যায় মারাত্মক ক্ষতির মূখে পড়েন নদীর তীরবর্তী গ্রামের বাসিন্দারা। প্রতি বছর বর্ষা মৌসুমে ভাঙন আর জলোচ্ছাসে জেলার লাখ লাখ মানুষ ক্ষতি গ্রস্তহলেও করা হয়নি স্থায়ী টেকসই বাধের ব্যবস্থা। তাই সুগন্ধা ও বিশখালি নদী তীরবর্তী বাসিন্দাদের আতঙ্কে কাটে প্রতিদিন। স্থানীয়দের অভিযোগ কিছু কিছু এলাকায় পানি উন্নয়ন বোর্ড নাম মাত্র বেড়িবাধ নির্মাণ, জিও ব্যাগ ফেলা হলেও নলছিটির বহরমপুর, ষাটপাকিয়া, কুলকাঠির সরই, বারইকরন ভাঙন রোধে কোন ব্যবস্তা নেয়া হয়নি। সম্প্রতি সুগন্ধা নদীভাঙন কবলিত গুরুধাম এলাকার পরিদর্শন করে প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক বিশেষ সহকারী ড. এস. এম. জিয়াউদ্দিন হায়দার বলেছেন, ভাঙ্গন রোধে কিছু কাজ চলমান রয়েছে। মানুষের জানমাল ও বসতভিটা রক্ষায় স্থায়ী সমাধানের উদ্যোগ নেওয়া হবে। পানি উন্নয়ন বিভাগের নির্বাহী প্রকৌশলী এ কে এম নিলয় পাশা বলেন, ঝালকাঠি ও নলছিটির নদীভাঙন এলাকায় একটি উন্নয়ন প্রকল্প চলমান রয়েছে। অন্যান্য ভাঙন প্রবণ স্থানেও প্রাথমিক জরিপ সম্পন্ন হয়েছে। প্রকল্প অনুমোদন পেলে প্রয়োজনীয় প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়া হবে। নদী ভাঙনের হাত থেকে রক্ষা পেতে দ্রুত কার্যকর পদক্ষেপ গ্রহণ করার দাবি জানিয়েছেন ক্ষতিগ্রস্ত ও হুমকির মুখে থাকা বাসিন্দারা।

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন
বরিশাল ॥ সোমবার ॥ ০৩ আগস্ট ২০২৬ ॥ ১৯ শ্রাবণ ১৪৩৩

ইরান যুদ্ধে কৌশলগত পরাজয়ের পথে যুক্তরাষ্ট্র, মিত্রদের উৎকণ্ঠা!

কীর্তনখোলা ডেস্ক

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নেতৃত্বে ইরানের বিরুদ্ধে চলমান যুদ্ধে যুক্তরাষ্ট্রের কৌশলগত পরাজয় হতে চলেছে। দীর্ঘ ছয় মাসের সামরিক অভিযান সত্ত্বেও তেহরানের বিপক্ষে ঘোষিত রাজনৈতিক লক্ষ্য অর্জন করতে পারেনি ৩ এর পাতায় দেখুন

কোরআনের আয়াত উল্লেখ করে প্রতিবেশী দেশগুলোকে ইরানের বার্তা

কীর্তনখোলা ডেস্ক

প্রতিবেশী কয়েকটি দেশের সাম্প্রতিক অবস্থানের সমালোচনা করে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়ের মুখপাত্র ইসমাইল বাঘায়ি বলেছেন, যারা মহানবি হজরত মুহাম্মদ (সা.)-এর বাণীর কথা বলেন, তাদের আগে নিজেদের সরকারের ৩ এর পাতায় দেখুন

বৃক্ষরোপণের মাধ্যমে পরিবেশের ভারসাম্য ফিরিয়ে আনতে হবে: রহমাতুল্লাহ

কীর্তনখোলা রিপোর্ট

পরিবেশের ভারসাম্য রক্ষা, জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবিলা এবং প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি কমাতে প্রধানমন্ত্রী তারেক রহমান দেশব্যাপী বৃক্ষরোপণ কর্মসূচির যে নির্দেশ দিয়েছেন, তা সফল করার মাধ্যমে পরিবেশের ভারসাম্য ফিরিয়ে আনতে হবে বলে মন্তব্য করেছেন বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সদস্য আবু নাসের মুহাম্মদ রহমাতুল্লাহ। রোববার (২ আগস্ট) বরিশাল নগরীর অক্সফোর্ড মিশন হাইস্কুল প্রাঙ্গণে বৃক্ষরোপণ কর্মসূচির উদ্বোধন শেষে তিনি এসব কথা বলেন। এ সময় বিদ্যালয় প্রাঙ্গণসহ নির্ধারিত স্থানে বিভিন্ন প্রজাতির প্রায় ১০০টি গাছের চারা রোপণ করা হয়। রহমাতুল্লাহ বলেন, পরিবেশের ভারসাম্য নষ্ট হলে এর সরাসরি প্রভাব পড়ে মানুষের জীবন ও জীবিকার ওপর। জলবায়ু পরিবর্তনের ফলে ঘূর্ণিঝড়, জলোচ্ছ্বাস, অতিবৃষ্টি, তাপমাত্রা বৃদ্ধি ও নানা ধরনের প্রাকৃতিক দুর্যোগের ঝুঁকি বাড়ছে। এসব ঝুঁকি ৩ এর পাতায় দেখুন

তীব্র আবাসন সংকটে সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ

ফজলে রাব্বি, হাতেম আলী কলেজ

১৯৬৬ সালে প্রতিষ্ঠিত বরিশালের ঐতিহ্যবাহী উচ্চশিক্ষা প্রতিষ্ঠান সরকারি সৈয়দ হাতেম আলী কলেজ। প্রায় ছয় দশকের পথচলায় কলেজটি দক্ষিণাঞ্চলের অন্যতম গুরুত্বপূর্ণ শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হলেও শিক্ষার্থীদের আবাসন সংকট আজও রয়ে গেছে অমীমাংসিত। বর্তমানে প্রায় ১২ হাজার শিক্ষার্থী অধ্যয়নরত থাকলেও আবাসন সুবিধা বলতে রয়েছে মাত্র একটি ছাত্রাবাস। অন্যদিকে প্রতিষ্ঠার পর থেকে আজ পর্যন্ত নির্মিত হয়নি কোনো ছাত্রীনিবাস। ফলে দূর-দূরান্ত থেকে আসা হাজারো শিক্ষার্থী, বিশেষ করে নারী শিক্ষার্থীরা, প্রতিনিয়ত চরম আবাসন সংকট ও যাতায়াতের ভোগান্তির শিকার হচ্ছেন। কলেজ সূত্রে জানা যায়, বরিশাল জেলার ৩ এর পাতায় দেখুন

আট বছরেও চালু হয়নি ঝালকাঠি সদর হাসপাতালের ২৫০ শয্যা

ঝালকাঠি প্রতিনিধি

দেড় বছরে শেষ হওয়ার কথা ছিল প্রকল্পের কাজ। এরপর কয়েক দফা মেয়াদ বাড়িয়ে কাজ শেষ করা হয়। কিন্তু আট বছর পেরিয়ে গেলেও চালু হয়নি ঝালকাঠি সদর হাসপাতালের ২৫০ শয্যার কার্যক্রম। প্রায় ৭০ কোটি টাকা ব্যয়ে নির্মিত নয়তলা ভবনটি উদ্বোধনের প্রায় তিন বছর পার হলেও লিফট স্থাপন, জনবল সংকট ও প্রশাসনিক জটিলতার কারণে পূর্ণাঙ্গ সেবা চালু করা সম্ভব হয়নি। এতে কাঙ্ক্ষিত স্বাস্থ্যসেবা থেকে বঞ্চিত হচ্ছেন জেলার কয়েক লাখ মানুষ। ঝালকাঠি সদর হাসপাতালের তত্ত্বাবধায়ক চিকিৎসক মাসুম ইফতেখার বলেন, নতুন ভবনের তিনটি তলায় জরুরি বিভাগ, বহির্বিভাগ ও প্যাথলজি বিভাগের কার্যক্রম চালুর জন্য স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুমোদন পাওয়া গেছে। ৩ এর পাতায় দেখুন

দুই যুগ ধরে বেহাল সড়ক সংস্কারের দাবিতে মানববন্ধন

রাজাপুর প্রতিনিধি

ঝালকাঠির রাজাপুর উপজেলার সাতুরিয়া ইউনিয়নের আমতলা বাজার থেকে পাঙ্গাসিয়ার পাড় পর্যন্ত প্রায় ৩ দশমিক ১ কিলোমিটার দীর্ঘ সড়কটি দুই যুগ ধরে বেহাল অবস্থায় পড়ে আছে। দীর্ঘদিনেও সড়কটির সংস্কার না হওয়ায় স্থানীয় বাসিন্দারা মানববন্ধন করে দ্রুত উন্নয়নকাজ শুরুর দাবি জানিয়েছেন। ৩ এর পাতায় দেখুন

ভোলা-বরিশাল সেতু হলে জাতীয় গ্রিডে গ্যাস সরবরাহ সহজ হবে

কীর্তনখোলা ডেস্ক

ভোলা-বরিশাল সেতু নির্মিত হলে জাতীয় গ্রিডে প্রাকৃতিক গ্যাস সরবরাহের পথ সহজ হবে। একই সঙ্গে দক্ষিণাঞ্চলের যোগাযোগব্যবস্থায় নতুন দিগন্ত উন্মোচিত হবে, বাড়বে শিল্পায়ন ও বিনিয়োগের সুযোগ। সরকারের লক্ষ্য, ২০৩৩ সালের মধ্যে সেতুটির নির্মাণকাজ শেষ করা। এরমধ্যে ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ার ইউএনওর তদারকিতে খাল পুনঃখনন শেষ
উদ্বৃত্ত ১৪লাখ টাকা সরকারি কোষাগারে

ভাণ্ডারিয়া প্রতিনিধি

প্রধানমন্ত্রীর নির্বাচনি প্রতিশ্রুতির অগ্রাধিকারভিত্তিক প্রকল্পের অংশ হিসেবে ২০২৫-২০২৬ অর্থবছরে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের দুর্যোগ ব্যাবস্থাপনা অধিদপ্তরের বাস্তবায়নে 'অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি (ইজিপিপি)-প্রকল্পের আওতায়', পিরোজপুরের ভাণ্ডারিয়া উপজেলার ২নম্বর নদমূলা শিষয়ালকাঠী ইউনিয়যনের 'নেছারউদ্দিন মাধ্যমিক বিদ্যালয় ৩ এর পাতায় দেখুন

ভাণ্ডারিয়ায় জুলাই গণঅভ্যুত্থান দিবস পালন উপলক্ষে প্রস্তুতি সভা

ভাণ্ডারিয়া প্রতিনিধি

পিরোজপুরের ভাণ্ডারিয়ায় গতকাল রবিবার সকালে উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলা অডিটরিয়ামে'আগামী ৫ই আগষ্ট-জুলাই গণঅভ্যুত্থান-২০২৬' পালন উপলক্ষ্যে এক প্রস্তুতি সভা অনুষ্ঠিত হয়। সভায় উপজেলা নির্বাহী অফিসার(ইউএনও)মো. হাসিবুল হাসান এর সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন,উপজেলা সহকারী কমিশনার (ভূমি)উজ্জ্বল হালদার,উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডাঃ ইব্রাহীম মোল্লা, প্রাণী সম্পদ কর্মকর্তা ডাঃ সুদেব সরকার,ভাণ্ডারিয়া থানার ওসি তদন্ত রত্নেশ্বর কুমার মন্ডল,বিএনপির সিনিয়র সহসভাপতি সিকদার জাকির হোসেন বচ্চু,সাধারণ সম্পাদক মো. মনির হোসেন আকন,যুগ্ম সাধারণ ২ এর পাতায় দেখুন

এইচএসসি পরীক্ষা ঘিরে রমরমা 'বাণিজ্য' নিউজ না করার অনুরোধ অধ্যক্ষের

চরফ্যাশন প্রতিনিধি

ভোলার চরফ্যাশন উপজেলার দুলারহাট মডেল কলেজে ২০২৬ সালের এইচএসসি পরীক্ষার্থীদের কাছ থেকে ফরম পূরণে শিক্ষা বোর্ড নির্ধারিত ফির চেয়ে অতিরিক্ত অর্থ আদায় এবং প্রবেশপত্র বিতরণের নামে টাকা নেওয়ার অভিযোগ উঠেছে। যদিও প্রবেশপত্র বিতরণের জন্য কোনো ধরনের ফি নির্ধারণ করেনি বরিশাল শিক্ষা বোর্ড। বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের ফরম পূরণের বিজ্ঞপ্তি অনুযায়ী, কেন্দ্র ফি ছাড়া বোর্ড নির্ধারিত ফি মানবিক ও ব্যবসায় শিক্ষা শাখার জন্য ১ হাজার ৩ এর পাতায় দেখুন

কাউখালীতে গাঁজাচাষকারী যুবক গ্রেফতার

কাউখালী প্রতিনিধি

পিরোজপুরের কাউখালীতে গাঁজাচাষকারী মোঃ ইব্রাহিম(২০) নামের এক যুবককে গ্রেফতার করেছে কাউখালী থানা পুলিশ। ২রা আগস্ট(রবিবার) রাত ৩ ঘটিকার সময় উপজেলার শিয়ালকাঠী ইউনিয়নের ৩ নং ওয়ার্ডের হাওলাদার ও চৌকিদার বাড়ি সংলগ্ন মোঃ মিজানুর রহমান খানের, ফলজ বাগান থেকে সাত ফুট উচ্চতা বিশিষ্ট দুটি ২ এর পাতায় দেখুন

ভয়াবহ হয়ে উঠেছে ঝালকাঠির সুগন্ধা-বিষখালী নদীর ভাঙন

ঝালকাঠি প্রতিনিধি

কয়েক দিনের টানা বর্ষণ ও জোয়ারে সুগন্ধা-বিষখালী নদীতে ভয়াবহ ভাঙন শুরু হয়েছে। নদী ভাঙনে নিঃস্ব হচ্ছে কুলকাঠির সরই গ্রামের শতাধিক পরিবার। দীর্ঘ ৫০ বছর ধরে দফায় দফায় বসতভিটা হারিয়ে এখন মানুষ মরলেও কোথায় কবর হবে সেই চিন্তায় থাকতে হয়। বন্যা আর ভাঙনে এসব পরিবারের চোখে মুখে এখন ভিটেমাটি হারানোর ভয়। বর্তমানে ভাঙনের চরম ঝুঁকিতে ৩ এর পাতায় দেখুন

মহিষের খোঁয়াড়ে পরিণত গ্রামীণ সড়ক চরম দুর্ভোগে বরগুনার হাজারো মানুষ

আমতলী প্রতিনিধি

সরকারি অর্থে নির্মিত গ্রামীণ কাঁচা সড়ক এখন অনেক এলাকায় জনসাধারণের চলাচলের পথ নয়, বরং মহিষ বেঁধে রাখার স্থানে পরিণত হয়েছে। দিনের পর দিন রাস্তার ওপর মহিষ বেঁধে রাখায় সড়কগুলো কর্দমাক্ত, খানাখন্দে ভরা ও চলাচলের অনুপযোগী হয়ে পড়েছে। এতে চরম ভোগান্তিতে পড়ছেন শিক্ষার্থী, কৃষক, রোগী, কর্মজীবী মানুষ ও সাধারণ পথচারীরা। স্থানীয়দের অভিযোগ, দীর্ঘদিন ধরে এ অবস্থা চললেও কার্যকর নজরদারি ও প্রতিরোধের অভাবে সমস্যাটি আরও প্রকট হয়ে উঠেছে। সরেজমিনে দেখা যায়, আমতলী উপজেলার চাওড়া, হলদিয়া, আঠারোগাছিয়া, গুলিশাখালী, আমতলী সদর এবং তালতলী উপজেলার বিভিন্ন গ্রামের গুরুত্বপূর্ণ কাঁচা সড়কের ওপর নিয়মিত মহিষ বেঁধে রাখা হচ্ছে। ৩ এর পাতায় দেখুন

৩০ সেপ্টেম্বরের মধ্যে রিটার্ন দিলে মিলবে ৫ শতাংশ করছাড়: এনবিআর

কীর্তনখোলা ডেস্ক

চলতি বছরের ৩০ সেপ্টেম্বরের মধ্যে আয়কর রিটার্ন দাখিল করলে স্বাভাবিক ব্যক্তি ও হিন্দু অবিভক্ত পরিবার শ্রেণির করদাতারা পরিশোধযোগ্য করের ওপর সর্বোচ্চ ৫ শতাংশ বা ২৫ হাজার টাকা পর্যন্ত কর প্রণোদনা পাবেন। তবে, ১ অক্টোবরের পর জমা দেওয়া রিটার্নের ক্ষেত্রে এ সুবিধা আর মিলবে না। রোববার (২ আগস্ট) এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানান জাতীয় রাজস্ব বোর্ডের (এনবিআর) জনসংযোগ কর্মকর্তা মো. আল-আমিন শেখ। তিনি বলেন, এনবিআর করদাতাদের সময়মতো আয়কর রিটার্ন দাখিলে উৎসাহিত করতে নতুন কর প্রণোদনা কার্যকর করেছে। আয়কর আইন, ২০২৩-এর নতুন বিধান অনুযায়ী, ১ জুলাই থেকে ৩০ সেপ্টেম্বরের ২ এর পাতায় দেখুন

বানারীপাড়ায় অস্ত্র মামলায় ১৭ বছরের সাজাপ্রাপ্ত আসামী গ্রেফতার

বানারীপাড়া প্রতিনিধি

বরিশালের বানারীপাড়ায় অস্ত্র মামলায় ১৭ বছরের সাজাপ্রাপ্ত এক আসামী'কে গ্রেফতার করেছে থানা পুলিশ। বানারীপাড়া থানা অফিসার ইনচার্জ মজিবুর রহমানের নির্দেশনার একটি বিশেষ অভিযান পরিচালনায় তাকে গ্রেফতার করা হয়। বানারীপাড়া থানার এসআই জাহিদুল ইসলামের নেতৃত্বে গোপন সংবাদের ভিত্তিতে একটি আভিযানিক দল ১ আগস্ট (শনিবার) রাজধানীর কেরানীগঞ্জ মডেল থানা পুলিশের সহযোগিতায় ওই থানাধীন ইবনে সিনা হাসপাতালের সামনে থেকে রাত ৮টা ২০ মিনিটে অস্ত্র মামলায় ১৭ বছরের সাজাপ্রাপ্ত আসামী মোঃ ফয়জুল হক সজল ওরফে ফায়জুল হক সরদার'কে (৪৯) গ্রেফতার করে। আসামী ৩ এর পাতায় দেখুন

জুলাই মাসে ২.৮৫ বিলিয়ন ডলারের রেমিট্যান্স আয়

কীর্তনখোলা ডেস্ক

চলতি (২০২৬-২৭) অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে দেশে ২ দশমিক ৮৫ বিলিয়ন (২৮৫ কোটি ৮৬ লাখ ৮০ হাজার) মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। এ সময়ে বৈধ পথে প্রবাসী আয় বেড়েছে ১৫ দশমিক ৪ শতাংশ, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় প্রায় ৩৮ কোটি ডলার বেশি। গত বছরের জুলাইয়ে রেমিট্যান্স এসেছিল ২৪৭ কোটি ৭৮ লাখ ৭০ হাজার ডলার। রেমিট্যান্স প্রবাহের ২ এর পাতায় দেখুন

জিপিএস ট্র্যাকারে শনাক্ত চোরাই অটোরিকশা গ্যারেজ মালিকসহ গ্রেফতার দুই

নেছারাবাদ প্রতিনিধি

পিরোজপুরের নেছারাবাদ উপজেলায় চোরাই অটোরিকশা উদ্ধার এবং গ্যারেজ মালিকসহ দুজনকে গ্রেফতার করেছে পুলিশ। চুরি হওয়া অটোরিকশায় সংযুক্ত জিপিএস ট্র্যাকারের মাধ্যমে অবস্থান শনাক্ত হওয়ায় পুরো ঘটনাটি উদ্‌ঘাটিত হয়। শনিবার (১ আগস্ট) বিকেলে উপজেলার ১ নম্বর ওয়ার্ডে স্বরূপকাঠি পৌর বাসস্ট্যান্ডসংলগ্ন ভূমি অফিসের সামনে অবস্থিত একটি অটোরিকশা গ্যারেজে অভিযান চালিয়ে গ্যারেজ মালিক মো. নাসির সিকদারকে (২৭) চোরাই অটোরিকশাসহ আটক করা হয়। পরে ৩ এর পাতায় দেখুন

মরিচের কেজি ৩৫০ টাকা, মাছ-মুরগি-ডিমের দামে নাভিশ্বাস সাধারণ মানুষের

পিরোজপুর প্রতিনিধি

টানা বৃষ্টি ও বন্যার প্রভাবে সরবরাহ কমে যাওয়ায় পিরোজপুরে বেড়েছে নিত্যপ্রয়োজনীয় পণ্যের দাম। মাত্র দুই সপ্তাহের ব্যবধানে কাঁচা মরিচের দাম কেজিপ্রতি প্রায় ২৫০ টাকা বেড়ে ৩৫০ টাকায় পৌঁছেছে। একই সঙ্গে বেড়েছে বিভিন্ন সবজি, মাছ, মুরগি ও ডিমের দাম। এতে সবচেয়ে বেশি বিপাকে পড়েছেন নিম্ন ও মধ্যবিত্ত আয়ের মানুষ। রোববার (২ আগস্ট) পিরোজপুর ৩ এর পাতায় দেখুন

দৈনিক কীর্তনখোলা
আত্মপ্রত্যয়ী প্রতিদিন

প্রতিনিধি আবশ্যক

দৈনিক কীর্তনখোলা পত্রিকার জন্য **ঝালকাঠি জেলা:** নলছিটি, রাজাপুর, **পটুয়াখালী জেলা:** পটুয়াখালী, **ভোলা জেলা:** তজুমদ্দিন, লালমোহন, মনপুরা, **পিরোজপুর জেলা:** নাজিরপুর, নেছারাবাদ ও **বরিশাল জেলা:** উজিরপুর ও বাবুগঞ্জ প্রতিনিধি আব্যশক। প্রার্থীকে অবশ্যই কমপক্ষে এইচএসসি পাস হতে হবে। আগ্রহীরা পত্রিকার ইমেইলে জীবনবৃত্তান্তসহ আবেদন করুন।

–মফস্বল সম্পাদক
০১৩০৪১৬৮৪১৯

সরকারের আশ্বাসে আন্দোলন প্রত্যাহারের সিদ্ধান্ত প্রাথমিকের নতুন শিক্ষকদের

কীর্তনখোলা ডেস্ক

সরকারের নতুন সিদ্ধান্ত ও আশ্বাসের পর শাহবাগের অবস্থান কর্মসূচি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা। রোববার (২ আগস্ট) রাজধানীর শাহবাগ থানার সামনের সড়কে কয়েক ঘণ্টা অবস্থান কর্মসূচি পালনের পর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নতুন বিজ্ঞপ্তি এবং সংশ্লিষ্ট কর্মকর্তাদের সঙ্গে আলোচনার পর তারা এ সিদ্ধান্ত নেন। এর আগে আগস্টের মধ্যেই যোগদান ও পদায়নের দাবিতে সকাল থেকে ২ এর পাতায় দেখুন

মাদকাসক্তি ও মানসিক
রোগীদের সর্বাধুনিক চিকিৎসা এখন বরিশালে
দি নিউ লাইফ
মহিলা রোগীদের জন্য পৃথক ওয়ার্ড
যোগাযোগ: ১নং সিএন্ডবি পুল (কাজীপাড়া সংলগ্ন), বরিশাল।
০১৭১৩-৯৫০৯৪১
০১৭১৩-১৬৯৮২৮

অধ্যাপক ডাঃ সৈয়দ জাহিদ হোসেন
এম.বি.বি.এস; এফ.সি.পি.এস. ফেলো ডব্লিউ. এইচ.ও (অস্ট্রেলিয়া)
অধ্যক্ষ ও অধ্যাপক (বিভাগীয় প্রধান), শিশু বিভাগ (এক্স)
শের-ই-বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশাল।
নবজাতক, শিশু ও কিশোর রোগ বিশেষজ্ঞ
চেম্বার: এ্যাপোলো ডায়াগনস্টিক কমপ্লেক্স, শের-ই-বাংলা মেডিকেল কলেজ এর সামনে বাঁধ রোড, বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন সকাল ১০টা থেকে দুপুর ২টা। সিরিয়ালের জন্য: ০১৭১৪-০৬৭৮৮৬, ০১৭০৬-৩৫৪৯৭৫
চেম্বার: মেডিনোভা মেডিকেল সার্ভিসেস লিঃ, কে.বি হেমায়েত উদ্দিন রোড (গির্জামহল্লা), বরিশাল। রোগী দেখার সময়: প্রতিদিন বিকাল ৪টা থেকে রাত ১০টা। সিরিয়ালের জন্য: ০১৭৫২-১৩৪৪৩৮, ০১৭১১-২৪০৯৬৯
বাসা: বসুন্ধরা হাউজিং, রূপাতলী, বরিশাল

বিসমিল্লাহির রাহমানির রাহিম

কম্পিউটারের সবকিছুই আপনার নাগালে
ঈশিতা কম্পিউটার
All Kinds Of Computer Solution. Accessories Selling, Training & Digital Photography
উপজেলা রোড, আগৈলঝাড়া, বরিশাল। মোবাইল: ০১৭১৫২১৩৫৪৬

প্রধান সম্পাদক: মো: ফিরোজ আহম্মেদ মোল্লা, ভারপ্রাপ্ত সম্পাদক: মিতা মোস্তফা, সহযোগী সম্পাদক: আল হাফিজ, নির্বাহী সম্পাদক: এম জামান, প্রকাশক: কাজী মিরাজ মাহমুদ কর্তৃক মায়ের দোয়া অফসেট প্রিন্টিং প্রেস, হাসপাতাল রোড, বরিশাল থেকে মুদ্রিত ও বার্তা কার্যালয় ঃ সৌরভ লজ, গোড়াচাঁদ দাস রোড, বরিশাল-৮২০০। মোবাঃ ০১৭১২-৯২৬৮৩৬, E-Mail: dailykirtonkhola@gmail.com